শুধু নীরবতা বলে- "এই তো আমার ঠাঁই।"
মাটির ঘরের দেওয়ালে চিড়,
তবু তা ভাঙ্গে না স্মৃতির কাঠামো।
বাবা বলতেন-
"ভালোবাসা যদি গাথা হয় মাটির মতো,
তাহলে তা টিকে যায় যুগ পেরিয়ে যুগ।"
নদীটা এখন শুষ্ক, শুকনো তার বুক,
তবুও ছেলেটা ছিপ ফেলে-
স্বপ্ন তো জলের মাঝে নয়
স্বপ্ন থাকে আশায়, বিশ্বাসের সূর্য তলে।
বৃদ্ধ আম গাছ দাঁড়িয়ে নিরবে
ঝড়ায় পাতা, শুনে শিশুর হাসি,
তার ছায়ায় দুপুর নামে নিঃশব্দে-
না শুধু বিশ্রামের জন্য,
কখনো কখনো নিজের সঙ্গেই দেখা হয় ওখানে।
এখানে রাতেও চাঁদ ওঠে না প্রায়,
তবুও জোনাকির দল জ্বালে দীপ্তি।
কারণ তারা জানে-
আলোর অপেক্ষা বৃথা,
যদি নিজের ভেতরেই থাকে এক চূর্ণ রবি।।

WRATH OF CORONA

Debasish Paul
First Year (2024–2026)
Government Training College, Hooghly

All we are united by soul and flesh,
What a wonder in such Godly bless!
But when this unity breaks at last,
Eternal damnation comes aghast!

VENGEANCE……VENGEANCE……VENGEANCE.

I, the king of unseen powers,
has ruled this planet like mowers;
Not by yolk, not by sythe,
not so near from my trickery.

I, the ancestor of Lucifer the Great,
and Beelzebub whose mate.
Instead of bubbling reputation,
I want my own dignity in Population.

Where the siblings of Adam and Eve hate me,
and always prefer their king Biggie.
My memory can't forget the Liquid Fire.
I want their funeral pyre.

ALL AROUND, I SEE ARE INNOCENT FLOWERS;
BUT LITTLE I SEE THAT IS OURS.

Everything besides me a thing of agitation
that against my Pedigree's passion.
Reputation, I have lost my reputation
and banished by earthly afforestation.

Hymn of humanity not so great,
the stolen chronicle of Apollo Musagete.
Chaos and crying are so good;
So easily, so firmly spread its root.

THE WORLD IS SO CHANGING NOW!
THE CIVILIZATION IS TOO FASCINATING HOW?
NO, THIS IS THE TIME TO BAFFEL THINE ART.

Again, from the Knowledge Tree I take the lesson
how to destroy Nation after Nation.
My proud and privileged unknown diploma,
The name is CORONA!

I send my disciples from sea-far China,
profilistic are they like Indian Hyena;
To all over the world with Antena,
and with the lifelong food Hellish Manna.

There is no text, there is no place,
the wise men identify their face;
Even to stop their invincible race,
in any by major or minor case.

The young, strong and unnumbered are they,
thousand of thousands people are the prey.
Like the arrows of scorching Sun of May;
over the sea, along the Bay.

I, your God like Thor Ragnarok,
the Living stone in the art of Baroque;
not as the worshipping deity of Asguard,
whose heart aftermath became hard.

Where are your Hephaestus, where are your kinds?
The answer is no! there is only Mephistopheles.
I want the reddish blood of White Roses.
I want my property from the Bushes.

The blood of Christ splitting daily,
Starvation, Anger, Violence starts their rally.
Sh! where is thy Omnipotence?
Is it not an experience?

TO THE SPRING

Debasish Paul
First Year (2024−2026)
Government Training College, Hooghly

O Spring, the beautician,
what thou art in our vision!
In this play what thy mission?
That's better than our ambition.
How the ladies be fine with thy hand?
At the last in the Winter-Wonderland;
with their beauty in the hearts of men
even in the etymological chain.
Who made the brass of you?
By which you bring the view,
on the shrinking faces of old
like the color of natural Gold.
What such garment are you weaving?
which can hidden their secret weeping;
that signify violence of biblical Satan,
for the fulfillment after assultation,
in the mean of earthly deforestation.
Hey, listener be quick thy hand,
Poets and Lovers wait in the land.
Yon, the cuckoos start their lyrical band!
Are the beauties ready for their dance,
with their long waiting fans?
Oh, how you bright them than sapphire!
None can be wait without fall in their affair;
valuable diamond will be invaluable;
to the heavenly creation you have been able.
I know the Blithe-Spirit, you must be gone
to another creation for the Paradise's fun.
But mind don't want to say good bye;
for while I look upon the sky.

Meaning of life

Rajarshi Sikdar
First Year (2024−2026)
Government Training College, Hooghly

Beyond the veil of flesh and bone,
There lies a world we've never known.
A realm of spirit, vast and wide,
Where souls and angels do reside.

The eye of reason cannot see,
The mystery of eternity.
But in the depths of heart and mind,
A spark of truth we're sure to find.

For in the stillness of the soul,
The universe begins to unfold.
And every breath we take reveals,
The secrets that the spirit conceals.

So let us cast away our fear,
And let our inner vision clear.
For in the realm of truth and light,
We'll find the meaning of our life.

স্বপ্না

মাঞ্জিরুল ইসলাম
প্রথম বর্ষ (২০২৪-২০২৬), গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

যে নিরন্তর স্বপ্ন দেখে যায় তাকে কি স্বপ্না বলা যেতে পারে? স্বপ্ন আসলে কী? রাতে ঘুমের মধ্যে দেখা কিছু ঘটনা নাকি জেগে ভবিষ্যৎ জীবনের সুখের আশায় করা কল্পনা। যদি হয় প্রথমটা তাহলে ঘুম উধাও তো স্বপ্ন উধাও। কিন্তু যদি হয় দ্বিতীয়টা তাহলে?

একটি ছেলে যার একটাই স্বপ্ন যে সে তার মায়ের স্বপ্ন পূরন করবে; ভালোমানুষ হবে, ভালোকরে পড়াশুনা করবে, ভালো চাকরি করবে, সেই মতই একটু একটু করে এগোতে থাকে ছেলেটি । কিন্তু চলার পথ কি আর এতই সহজ? বিশেষ করে যখন পথটা হয় সত্যের, আসে নানান বাধা, ঈর্ষা, নিন্দে আর মানসিক অবসাদ, ছেলেটি ছোট থেকেই ভালো রেজাল্ট করত কিন্তু তাতে কী ; বাবা , মা আর শিক্ষক-রা ছাড়া কেউ তো খুশি ছিলনা তাতে। এমনকি তথাকথিত আত্মীয় ও বন্ধুত্বের মুখোশ পরে থাকা মানুষগুলোও নয় । বরং ধেয়ে এসেছিল একরাশ হিংসে, চলেছিল পা-ধরে টানার অবিরাম চেষ্টা। কিন্তু যদি তার সঙ্গে সেই তিনি থাকেন তাহলে তাকে দমানো কি আর অতই সহজ? না, তবে প্রসঙ্গটা যখন মায়ের অসুস্থতা তখন! তখন কি আর শক্ত থাকা যায় । যাকে ঘিরে এত স্বপ্ন, যার স্বপূরণরনের জন্য এত পরিশ্রম, ত্যাগ,অধ্যবসায় সেই যদি আর না থাকে তবে?

হটাৎ-ই এক রবিবার সকালে অসুস্থ হয়ে পড়ে তার মা, বাড়িতে একা থাকায় সে কিছু বুঝতেই পারেনা যে সে কী করবে। অবশেষে বাবাকে জানানোর পর হসপিটাল তো নিয়ে যাওয়া হয় কিন্তু ফিরে এসেও মায়ের কথা ছিল প্রায় অস্পষ্ট, হাত ছিল অবশ আর শরীরে ছিল একরাশ ক্লান্তি। রবিবার পেরিয়ে সোমবার এল, আবার স্কুলে যাওয়ার দিন, কিন্তু কি করবে সে? বাড়িতে মায়ের পাশে পাশে থাকবে নাকি মায়ের ইচ্ছেপূরণের জন্য পড়াশোনাটা চালিয়ে যাবে। সে বেছে নিয়েছিল দ্বিতীয়টা, কারণ বাড়িতে বসে থাকতে দেখলে তার মা যে আরও বেশি কষ্ট পাবে। ভাববে তার জন্য বুঝি ছেলের পড়াশোনার ক্ষতি হচ্ছে। তার মায়ের কথা ভেবে সে একদিনও স্কুল কামাই করেনি,স্কুলে কাউকে জানাতেও চায়নি সে কারোর সহানুভূতিও পেতে চাইনি। স্কুলেতো যেতো কিন্তু মনের মধ্যে ছিল শুধুই কষ্ট আর ভয়, মাকে হারানোর ভয় গ্রাস করেছিল তাকে।

সময়ের অভাবে রোজ সকালের টিফিন ছিল সেদ্ধ ভাত আর ভাজা,স্কুল থেকে ফিরে আসার পর যখন তার মা তাকে অস্পষ্ট ভাষায় ইশারাই জিজ্ঞেস করতো যে সে খেয়েছে কিনা এসে। খালি পেটেই সে উত্তর দিত – হ্যাঁ। এইরকম চলছিল বেশ কয়েকদিন,আর প্রতিরাতের উপহার ছিল মায়ের মৃত্যুর স্বপ্ন। প্রতিদিন একই স্বপ্ন আসত তার ঘুমে, এই স্বপ্ন সেই স্বপ্ন যা কোনদিন যেন সত্যি না হয় কারোর। মাসখানেক পরই তার ফাইনাল পরীক্ষা, মায়ের আশীর্বাদ ও নিজের অদম্য জেদ থাকলে যে সবকিছুই সম্ভব তা আরও একবার প্রমানিত হল। পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে, ইতিমধ্যে তার মা ও সুস্থ হয়ে ওঠে আর ছেলের পরীক্ষার ফল শুনে তার মায়ের মুখের সেই হাসি ও বুকভরা আশীর্বাদ- এটাই ছিল ছেলেটির সব থেকে বড় পুরষ্কার। মা আসলে কে,একজন সন্তানের জীবনে তার কী গুরুত্ব তা আর বেশি করে উপলব্ধি করতে পেরেছিল ছেলেটি এবং বুঝতে পেরেছিল মা ছাড়া

পৃথিবী নিরর্থক। মায়ের রান্না করা খাবার নিয়ে এখন আর অভিযোগ করেনা; এটা খাবনা ওটা খাবোনা – আর বলেনা। তাই সন্তানের ইচ্ছে যদি হয় মায়ের স্বপ্নপূরণ তাহলে কী সেই স্বপ্ন আর অসম্পূর্ণ থাকে? স্বয়ং ঈশ্বর তার পাশে থাকে, পূরণ হয় সে স্বপ্ন……

বাঙালীর চণ্ডীমণ্ডপ সংস্কৃতি

মহাদেব হেমরম
প্রথম বর্ষ (২০২৪-২০২৬)
গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

বাংলায় আড্ডার ইতিহাসের সাথে চণ্ডীমণ্ডপের যোগসূত্র সুদৃঢ়। আজ যে আড্ডা বাঙালীর জীবন ও সংস্কৃতিতে প্রবেশ করেছে তার বীজ নিহিত রয়েছে এই চণ্ডীমণ্ডপের মধ্যে। প্রাথমিক পর্যায়ে গ্রাম বাংলায় আড্ডা বলতে আমারা চণ্ডীমণ্ডপ কে বোঝাতো। কিন্তু এই চণ্ডীমণ্ডপ বাংলার মানুষের জীবন ও সংস্কৃতিতে কীভাবে এলো? এবং এই চণ্ডীমণ্ডপ থেকে যে আড্ডার শুরু তার নানান পরিবর্তন আমরা লক্ষ্য করবো। 'রবীন্দ্রনাথ ঠাকুর' তার 'আত্মশক্তি' প্রবন্ধে এই চণ্ডীমণ্ডপের কথা বলতে গিয়ে জানান –

আমাদের চণ্ডীমন্ডপ হইতে বিলাতি কারখানা ঘরের প্রভূত জঞ্জাল যদি ঝাঁটি দিয়া না ফেলি, তবে দুই দিক হইতেই মরিত্ব অর্থাৎ বিলাতি কারখানাও এখানে চলিবেনা চণ্ডীমন্ডপ ও বাসের অযোগ্য হইয়া উঠিবে।

(রবীন্দ্রনাথ ঠাকুর, আত্মশক্তি)

উনিশ ও বিশ শতকের নগরায়ন এবং গ্রামীণ সভ্যতার দ্বন্দ্ব এভাবেই ধরতে চেয়েছিলেন 'রবীন্দ্রনাথ ঠাকুর'। শুধু এই প্রবন্ধে নয় রবীন্দ্রনাথের 'রাজর্ষি' বা 'চোখের বালি' মতো উপন্যাসে বা 'ঘাটের কথা' 'সে' 'মতি' গল্পে উঠে এসেছিল এই চণ্ডীমণ্ডপের কথা। রবীন্দ্রনাথের পরেও বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের 'ইছামতী' উপন্যাসেও গ্রামীণ জীবনের অপরিহার্য অঙ্গ হিসেবেও এসেছিল চণ্ডীমণ্ডপের কথা। মধ্যযুগের নানা কাব্যেও ফিরে ফিরে এসেছে এই চণ্ডীমণ্ডপের অনুষঙ্গ। এবং বাংলা সংস্কৃতিতে কীভাবে এলো এর উত্তর নিহিত রয়েছে মধ্যযুগের 'দেবী চণ্ডী'র ইতিহাসের মধ্যে। সমাজতাত্ত্বিকরা দাবি করেন মধ্যযুগে দেবি চণ্ডীর পুজোর থান হিসেবে বাংলার গ্রামে মাথা তুলেছিল এইসব চণ্ডীমণ্ডপ গুলি। মধ্যযুগে দেবী চণ্ডীর পূজা হত গ্রামের বিভিন্ন প্রান্তে। কালক্রমে কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীদের মতো কবিদের হাত ধরে চণ্ডীমণ্ডপ কাব্য বাঙালী জীবনের অপরিহার্য অঙ্গ হয়ে উঠতে থাকল গ্রামের বিত্তশালী মানুষের পৃষ্ঠপোষকতায় একে একে চণ্ডীমণ্ডপ গড়ে উঠতে শুরু করল বাংলার বিভিন্ন গ্রামে। বাংলায় এই দেবী চণ্ডীর যে ইতিহাস সেটি এইরকম লৌকিক শক্তিদেবতার মধ্যে চণ্ডীই বোধহয় প্রাচীনতম। বাংলার গ্রামে গ্রামে বিভিন্ন নামে তিনি পূজিত হন যেমন উড়োনচণ্ডী, শুভচণ্ডী, রণচণ্ডী, ওলাইচণ্ডী, অবাকচণ্ডী, চেলাইচণ্ডী, মঙ্গলচণ্ডী, ইত্যাদি। চণ্ডী ভীষণা প্রকৃতির বলে তাঁকে মঙ্গল নামে তোষণ করার চেষ্টা। এই যে চণ্ডী কাদের দেবতা? বাংলার আদি অকৃত্রিম মাটির মানুষের সম্পূর্ণ বা প্রাচীন পুরাণে চণ্ডীর উল্লেখ নেই। বেশ বোঝা যায়। বহুকাল ধরে এই অসভ্য অনার্যদের দেবতা শাস্ত্রকার ও পুরাণকারদের কাছে উপেক্ষিতা ও অনাদৃত ছিলেন। পরবর্তীকালে কয়েকখানি সংস্কৃত পুরাণে যেমন ব্রহ্মবৈবর্ত পুরান, মার্কেন্ডয় পুরাণ ইত্যাদিতে চণ্ডী দেবতার সাক্ষ্যাৎ পাওয়া যায়। অর্থাৎ প্রথমে সম্পূর্ণ উপেক্ষিতা থাকলেও, পরে তিনি হিন্দু সমাজের সকল স্তরের লোকের আরাধ্য দেবী বলে গন্য হয়েছেন। চণ্ডী যে আর্যপূর্ব লোকসমাজের দেবতা ছিলেন তার প্রত্যক্ষ প্রমাণ আজও পাওয়া যায় কিছু। পঞ্চদশ ষোড়শ শতাব্দীর সময় থেকে মঙ্গল চণ্ডীর পূজার কথা জানা যায় তেমনি যোগীপাল, মহীপাল, ভোগীপাল, গীতের কথা, মদ্য মাংসে দানবপূজা ও

যক্ষ পূজার কথা এবং দুর্গোৎসবের কথা জানা যায়। রাত জেগে মঙ্গল চণ্ডীর গীত শোনার জন্য চণ্ডীমণ্ডপও যে ছিল তাও অনুমান করা যায়। দুর্গোৎসবের প্রবর্তন হয়েছে যে সময় থেকে তখন থেকে চণ্ডীমণ্ডপও এই উৎসবের প্রধান কেন্দ্র হয়ে উঠেছে মনে হয়। সুতরাং চৈতন্যের কাল চণ্ডীমণ্ডপে ছিল। এছাড়াও লোকউৎসব দুর্গোৎসবের প্রধান মিলন কেন্দ্র হয়ে উঠেছিল চণ্ডীমণ্ডপ। খিস্ট্রীয় দশম থেকে চতুর্দশ শতাব্দীর মধ্যেই চণ্ডীপূজা হিন্দু সমাজে সাধারনভাবে প্রচলিত হয় বলে মনে হয়। হিন্দু জমিদারদের উদ্যোগে এই চণ্ডীমণ্ডপ শারদোৎসবরেই প্রধান মিলন মন্দির হয়ে ওঠে। চণ্ডী মণ্ডপ পরবর্তীতে গ্রামের সর্ব সাধারণের আলোচনাসভা মজলিশ ও আড্ডাঘর অথিতিশালা, বিচারালয় এমনকি গুরুমহাশয়য়ের পাঠশালা রূপে ও পরিগনিত হয়েছে।

বাংলার চণ্ডীমণ্ডপ বাঙালী সংস্কৃতির একটি ঐতিহাসিক নিদর্শন। বাঙালীর সংস্কৃতির মধ্যে এই চণ্ডীমণ্ডপ বিভিন্নধারা ধারা অতিক্রম করে বাঙালীর সংস্কৃতিতে পর্যায়ক্রমিক ভাবে প্রবেশ করেছে। মধ্যযুগের বাংলা সাহিত্যে 'চণ্ডীমণ্ডপ' কাব্যে যে দুটি কাহিনী রয়েছে সেই কাহিনীতে চণ্ডী মণ্ডপের কোন উল্লেখ নেই। পরবর্তীতে দেবী চণ্ডীর আরাধোনার স্থানকে কেন্দ্র করে বা জায়গাটিকে তিনি পূজিত হন সেই স্থানকে কেন্দ্র করে চণ্ডীমণ্ডপ তৈরি হয়েছে বলে মনে করা হয়। মধ্যযুগের বাঙালী সংস্কৃতিতে চণ্ডীমণ্ডপ নিজেই একটি অধ্যায় ছিল। অষ্ঠাদশ শতক থেকে সেই চণ্ডীমণ্ডপ গুলি গুরুত্বহীন হয়ে উঠতে লাগল। এই সময় থেকেই রাঢ় বাংলার গ্রামঞ্চলে প্রবেশ করতে থাকে শহুরে সংস্কৃতির হাওয়া ইংরেজি শিক্ষার প্রসার বনিক শ্রেণীর উদ্ভব জমিদারি প্রথার অবলুপ্তি প্রভৃতি কারণে গ্রাম বাংলার চণ্ডীমণ্ডপ গুলি তাদের কৌলীন্য হারাতে শুরু করল, প্রাচীন গ্রামজীবনের স্মারক হিসেবে যেগুলি দাঁড়িয়েছিল কালক্রমে যেগুলির অধিকাংশই সংস্কারের অভাবে বা নানা প্রাকৃতিক দুর্যোগে নষ্ট হতে শুরু করেছিল। তবে আজও বিভিন্ন প্রান্তের কিছু গ্রামের কড়ি বসা দেওয়া বা বাঘ সিংহ হাতি আঁকা চণ্ডীমণ্ডপ ও আটচালার দেখা মেলে। এইসব আটচালা গুলি পুরানো দিনের স্মৃতিকে বহন করে নিয়ে চলেছে। আজকের যুগের গ্রামগুলিতে প্রাচীন আটচালা খুবই কম দেখা যায়। চণ্ডীমণ্ডপের জায়গায় অধিকাংশ বয়স্কদের আড্ডা স্থানান্তরিত হয়ে গিয়েছে ক্লাব বা গ্রামের খোলা প্রকৃতির বুকে। বাঙালীর সাথে চণ্ডীমণ্ডপ ওতপ্রোতভাবে জড়িত। কিন্তু কালের গভীর পরিবর্তনের ফলে চণ্ডীমণ্ডপ গুলিও বাঙালী সংস্কৃতি থেকে লুপ্ত হয়ে যাচ্ছে। যে চণ্ডীমণ্ডপের পথ চলা শুরু হয়েছে মঙ্গলচণ্ডীর গীত, ভাগবত পাঠ, পালাগান কথকথা পাঁচালী পাঠ প্রভৃতির মধ্যে দিয়ে যা পরবর্তীকালে বাঙালী জনজীবনে আড্ডার ঘর হিসাবে রূপান্তরিত হয়েছিল। এই হারিয়ে যাওয়া চণ্ডীমণ্ডপ কে বাঙালী আজ ও স্মরণ করে। কালের নিময়ে পৃথিবীর সমস্ত কিছুর যেমন ধ্বংস হয়, তেমনি চণ্ডীমণ্ডপ ও আজ আমাদের বাঙালীর জন জীবন থেকে লুপ্ত হতে চলেছে। সাহিত্যের এক বিশেষ দৃষ্টান্ত হিসাবে এই চণ্ডীমণ্ডপ কে নতুন রুপে প্রাণ দান করা সাহিত্যের দায়। আমারা সেই চণ্ডীমণ্ডপের আটচালায় ফিরে যেতে না পারলেও, চণ্ডীমণ্ডপের যে বিশেষত্ব রয়েছে সেই গুলি বাঙালী সংস্কৃতির মধ্যে ধারাবাহিক ভাবে প্রবাহিত হয়। বাঙালীর এই চণ্ডীমণ্ডপ সংস্কৃতি থেকেই আড্ডার উত্তরণ। এই উত্তরণই বাঙালী সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে।

The Atomic Catastrophe: A Glimpse into the Bombings of Hiroshima and Nagasaki

Subham Das
First Year (2024–2026), Government Training College, Hooghly

The bombings of Hiroshima and Nagasaki in August 1945 remain among the most harrowing episodes in human history. These acts marked the first and only use of nuclear weapons in warfare and irrevocably altered the course of global politics and scientific ethics. At the core of this tragedy lies nuclear fission — the splitting of atomic nuclei, particularly uranium-235 and plutonium-239, which releases an immense amount of energy as per Einstein's mass-energy equivalence principle ($E=mc^2$).

The development of these bombs was catalyzed by the Manhattan Project, a secret U.S. research initiative involving eminent physicists like Oppenheimer, Fermi, and Szilard. Ironically, it was the fear of Adolf Hitler's pursuit of a "Wunderwaffe" (wonder weapon), rooted in his regime's aggressive militarization of physics, that spurred the United States into action. German scientists had already made breakthroughs in nuclear chain reactions, and the Allies feared a Nazi atomic bomb.

However, by the time the U.S. succeeded in constructing "Little Boy" and "Fat Man," Germany had surrendered. The decision to deploy these weapons on Japan, therefore, was strategic — a combination of demonstrating power, hastening Japan's surrender, and establishing U.S. dominance in the post-war world.

The aftermath was catastrophic. Hiroshima and Nagasaki were decimated, with over 200,000 lives lost and countless more affected by radiation sickness. The atomic age had dawned — not with scientific triumph, but with a chilling reminder of humanity's capacity for destruction when science is weaponized.

The Wettest Places on Earth: A Meteorological Marvel of Meghalaya

Subham Das
First Year (2024–2026), Government Training College, Hooghly

Nestled in the East Khasi Hills of Meghalaya, India, the villages of Cherrapunji and Mawsynram vie for the title of the wettest place on Earth. Averaging annual rainfall of approximately 11,777 mm in Cherrapunji and around 11,872 mm in Mawsynram, these regions experience an extraordinary hydrometeorological phenomenon shaped by their unique topography and climatic setting.

Geographically, both lie on the southern slopes of the Khasi Hills, perched at elevations between 1,300–1,400 meters above sea level. Their proximity to the Bay of Bengal plays a pivotal role in their climatic extremity. During the Southwest Monsoon (June to September), moisture-laden winds from the Bay funnel directly towards the Khasi Hills. Upon reaching the abrupt escarpment of the Shillong Plateau, these winds are rapidly uplifted — a process known as orographic lift — causing intense condensation and resulting in torrential rainfall.

The narrow topographical corridor and steep gradient enhance the updraft velocity, which, coupled with persistent monsoon systems, leads to prolonged precipitation events. Additionally, the lack of significant land barriers between the Bay of Bengal and Meghalaya allows the unimpeded flow of monsoonal currents, sustaining high humidity and frequent cloudbursts.

Despite such copious rainfall, both Cherrapunji and Mawsynram struggle with water scarcity during the dry months due to rapid surface runoff and limited water retention infrastructure. This paradox underscores the importance of sustainable hydrological planning even in regions abundant with natural precipitation. These rain-drenched landscapes remain an enduring subject of interest for climatologists and geographers alike.

भूतकथा

दीनবন্ধু মালিক
প্রথম বর্ষ (২০২৪-২০২৬), গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

अद्य वर्षायुक्तः अपराह्णः अस्ति।वृष्टिं द्रष्टु मम बहु रोचते।अतः अहं स्वकक्षस्य खिडकीं गत्वा वर्षाम् अवलोकितवान्। तस्मिन् समये माता आगत्य मम भोजनं दत्तवती अहं च तत् खादितवान् । किञ्चित् कालानन्तरं मम माता पुनः भोजनम् आनयति इति दृष्ट्वा अहं आश्चर्यचकितः अभवम्। एषा माता भोजनं दत्त्वा भोजनं गृहीत्वा पुनः आगता। माता वदति मधु खादतु, अहं वदामि पुनः भोजनं दातुं आगच्छसि। भवान् उन्मादः कदा अहम् भोजनम् दत्तवान्। अतः कः आसीत् यः मम भोजनं दत्तवान्।

तदा मम उदरम् एतावत् गुरुम् आसीत् यत् अहं खादितुम् न शक्तवान्।

अद्य पुनः ट्यूशनं भवति, गन्तुम् न इच्छामि चेदपि मया गन्तव्यम्, अतः अहं दर्पणस्य पुरतः गत्वा दर्पणे विचित्ररूपं पुरुषं दृष्ट्वा आश्चर्यचकितः अभवम्। अहं बहु भीतः आक्रोशितवान् तदा माता आगत्य उक्तवती किं जातम् मधु। अहं वदामि दर्पणे घोररूपः पुरुषः अस्ति, माता वदति मधु अत्र किमपि नास्ति। अद्य भवतः किं जातम् किं वदसि ? अहं अवगच्छामि यत् त्वं पठितुम् न गमिष्यति अद्य, मया किमपि न कृतम् माता मधु वदति। तथापि अहं पठितुं बहिः अगच्छम्, पुनरागमनमार्गे अहं किञ्चित् घबरामि स्म, अद्य मम सर्वं दिवसं यत् घटितम् तत् अतीव भयंकरं, ततः सहसा अहं दृष्टवान् यत् द्विचक्रिकायाः पंचरः किञ्चित् अपि वायुः नास्ति। परन्तु कथं सम्भवति यत् अहम् अध्ययनं गमनात् पूर्वं दुकानं गत्वा वायुम् दत्तवान् एतावत् सहसा यत् वायुः कथं गतः। तथापि अद्य सर्वं विचित्रं दृश्यते। तदा अहं द्विचक्रिकायाः अवतीर्य गच्छन् आसीत् सहसा अहं दृष्टवान् यत् कश्चन मम स्कन्धे हस्तं स्थापयति। अहं परिवर्तमानः अपरिचितः मां पृष्टवान् यत् भवतः नाम किम्? अहम् वदामि कः भवान् पुर्वम् न दृष्टम् नव आगतः। सहसा पश्यामि यत् पुरुषः मम पुरतः नास्ति, कश्चन मम स्कन्धे हस्तं स्थापयति यदा अहं प्रत्यागतवान् तदा अहं पुनः तं पुरुषं दृष्टवान्। अहं वदामि, त्वं तत्र सद्यः आसीः, ततः कदा त्वम् अत्र आगतवान्, अहं न दृष्टवान्। तदा सहसा अहं दृष्टवान् यत् सः पुरुषः कियत् विषमः दृश्यते, अहं भयेन द्विचक्रिकाम् पातयित्वा धावितुं आरब्धवान्। तदा अहं स्तब्धः पतितः, सः पुरुषः शनैः शनैः माम् प्रति आगतः अहं च भयेन क्रन्दितवान्, ततः अहं दृष्टवान् यत् माता मम कक्षं प्रति आगत्य वदति किं जातम् मधु, किमर्थं क्रन्दसि?

तदा अहं मन्ये एतत् सर्वं स्वप्नम् आसीत् अहं च गृहे घण्टां पश्यन् अस्मि अपराह्णे पञ्चवादनम् अस्ति ततः अहं चिन्तयामि श्वः रात्रौ जागृत्य भूतपत्रिकापठनम् न सम्यक् आसित्।

বাঙালির অরন্ধন

দীপাঞ্জন বিশ্বাস
প্রথম বর্ষ (২০২৪-২০২৬), গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

"ব্রতের আচার করে, গৃহিণীর দল
অরন্ধন পালনে পাওয়া যাবে ফল।
মনসার পূজা ক'রে, বেহুলা সতী
ফিরে পেল সপ্ত ডিঙ্গা, ফিরে পেল পতি।"

বাঙালির পূজা পার্বনেও খাদ্য রসের রমরমা কোনো নতুন ঘটনা নয়। সুকুমার রায়ের ভাষায় "চর্ব ও চোষ্য"থেকে "ভাজাভুজি" সবই বাঙালির পাত সর্বদা আলো করে রেখেছে। শহুরে বাঙালি যতই চাউমিন,বার্গারে গা ভাসিয়ে দিক, জীবনানন্দের রূপসী বাংলা আজও ধরে রেখেছে বাংলার লোক উৎসবের বহমান ধারা। ধানসিঁড়ি হোক বা জলঙ্গী,এখনও তাদের তীরে ইতুর ঘট ভাসাতে এসে ঘরের গৃহিণীরা ব্রতের কথা উচ্চারণ করে। গ্রাম থেকে মানুষ শহর মুখো হচ্ছে, যেমন ছোট্ট অপু হরিহরের হাত ধরে শহরে গিয়েছিল। কিন্তু কই! আর তো সে ফেরেনি!যদিও এই গ্রাম বাংলার ঘরে ঘরে আজও বিশেষ বিশেষ দিনে উনুনে হাঁড়ি চড়ে না, শিলনোড়ায় মশলা বাটার শব্দ শোনা যায় না। বাড়ির মেয়ে-বউ হেঁশেল থেকে ঐ দিন মুক্তি পায়। তখন হয়তো তাদের দেব দেবীর উপর ভক্তি আর কৃতজ্ঞতা একটু বেশিই প্রকট হয়।

অরন্ধন বললেই আবার মাথায় আকাশ ভেঙে পরার উপক্রম হয়। ওমা! রান্না হবে না? ভেতো বাঙালি যেন হটাৎ আৎকে ওঠে। কিন্তু অরন্ধন হলেও খাওয়া-দাওয়ার মোটেও কোনো কমতি থাকে না।কি সুন্দর বাঙালি কোনো সাধারণ পূজাকেও আহার উৎসবে পরিণত করে।মূলত এদেশীয় বাঙালিরা ভাদ্র সংক্রান্তিতে রান্না পূজো ও মাঘ ষষ্ঠীতে গোটাসেদ্ধ দিয়ে অরন্ধন পালন করে। ভাদ্র সংক্রান্তির অরন্ধনে বাঙালি তার 'মাছে ভাতে বাঙালি' এই সুনামটা ঠিক ধরেই রাখে।

মানুষ নিজেকে বাঁচাতে কত লৌকিক দেব দেবীর স্বরনাপন্ন হয়, সে হোক সুন্দরবনের বনবিবি,জেলেদের মাকাল ঠাকুর কিংবা রাঢ় বাংলার ভাদু ও টুসু। কিন্তু এমন কিছু লৌকিক দেবী দেবতা আছে যারা গ্রাম বাংলার গণ্ডি পেরিয়ে শহুরে জনতার কাছেও সমান পূজ্য।কলিঙ্গ ধ্বংস করা দেবী চণ্ডী হোক অথবা চাঁদ সওদাগরের সপ্ত ডিঙ্গা ডুবিয়ে দেওয়া সর্পের দেবী মনসা কিংবা রোগ হরণকারী দেবী শীতলা,প্রত্যেকেই স্বমহিমায় আজও বাংলার ঘরে ঘরে পূজিতা হয়ে আসছেন। আর মঙ্গলকাব্যের দ্বারা তাদের মাহাত্ম্য তাদেরকে ভয়ংকর দেবী রূপে প্রতিষ্ঠিত করেছে।

বর্ষার শেষে যখন চারিদিক জলমগ্ন তখন গ্রাম বাংলায় দেখা দেয় সাপের আনাগোনা। কখনও ঘরে আবার কখনও রান্নার উনুন তাদের আশ্রয়স্থল হয়ে ওঠে। এদের উপদ্রব থেকে বাঁচতে মানুষ স্মরনাপন্ন হয় সাপেদের অধিষ্ঠাত্রী দেবী মনসার।ভাদ্র সংক্রান্তির আগের দিন রাত জেগে বানানো হয় পূজার ভোগ। সর্পের দেবী শীতল খাদ্য পছন্দ করেন তাই তার জন্যে গত রাতে ভাত রান্না করে জল ঢেলে রাখা হয় তার সঙ্গে রকমারি পদের ছড়াছড়ি কচুশাক, পুঁই শাক চচ্চ ড়ি,আলু,পটল,কুমড়ো,বেগুন,নারকেল,উচ্ছে প্রভৃতি ভাজা, লতি চচ্চড়ি, মুগের, অড়হর ডাল, ইলিশ মাছ ভাজা, চিংড়ির পদ কোনো কিছুই বাদ নেয়।মা মনসা মাছ ছাড়া ভোগ খাবেন! এমন কি করে হয়!

সংক্রান্তির দিন সকালে রান্নাঘর পরিষ্কার করে মাটির উনুন কে যত্ন সহকারে লেপে তাতে পাঁচটি সাপ ও পাঁচটি পদ্ম ফুল আঁকা হয় সিঁদুর দিয়ে কারণ তিনি তো পদ্মাবতী।নিয়ম ভেদে কোথাও ফণীমনসার ডাল কিংবা মা মনসার সর্প মূর্তিও পূজিত হয়।এবার ঘট স্থাপন করে গত রাতের তৈরি আহারাদি দেবীকে নিবেদন করা হয়।ছোট বেলায় দেখতাম পূজোর সময় ঠাকুমা কোনো এক ব্রত কথা পাঠ করছেন, হয়তো সেটি মনসা মঙ্গল কথা বা সেই সম্বন্ধীয় কিছু।এভাবেই বাংলার এক লোক উৎসবে পরিণত হয়েছে অরন্ধন বা রান্না পূজোও। পূজো হলে তার প্রসাদ বিতরণ না করলে চলে?তাই আমাদের বাড়ি থেকে যেমন থালা ভরে পান্তা ভাত আর রকমারি পদ প্রতিবেশীদের বাড়িতে পৌঁছে যেত ঠিক তেমনই প্রসাদের থালা সাজিয়ে তারাও হাজির হতো আমাদের বাড়িতে।

পান্তা নামটা শহুরে বাঙালিকে তেমন ব্যতিব্যস্ত না করলেও গ্রাম বাংলায় পান্তার কদর সেই প্রাচীন কাল থেকেই।কেতকাদাস ক্ষেমানন্দ মনসা ভাসানে পান্তা দিয়ে মা মনসাকে ভোগ দেওয়ার কথা বলেছেন। অভাবের সংসারে ফুল্লোরাও দেবী চণ্ডীর কাছে দুমুঠো পান্তা ভাতের অনুরোধ জানিয়েছে। বাংলার আরেক লৌকিক দেবী শীতলাও পান্তা প্রেমী রূপে ভক্তের কাছে ধরা দিয়েছেন।আসলে দরিদ্র বাঙালির তার পাতের গেঁজলা ওঠা বাসি পান্তা,নুন,মাঠের শাক আর বনের কচু ছাড়া দেবীকে দেওয়ার মতো কিছু ছিল না,তাই তাদের ঘরের পূজিতা দেবীকে তাদের সমতুল্য আহার প্রদান করেছে।মূল কথা,দেবী তাদের যেভাবে রেখেছে তারাও দেবীকে সেভাবেই আরাধনা করতে পারে।

শীতের শেষ প্রায় সন্নিকটে,মাঘ মাসের শুক্ল পঞ্চমীতে দেবী সরস্বতী সবে মাত্রই বাংলার ঘরে ঘরে বই জমা রেখে বিদ্যা ছড়িয়ে দিয়ে গেছেন।ঠিক তার পর দিনই আবার বাংলায় ঘরে ঘরে রান্না চড়ে না।আবার বুঝি খাওয়া দাওয়া শিকেই উঠলো!বাড়ির গৃহিণীরা লেগে পরলো আবার এক অন্যরকম পূজো উপাচারে।বাংলার বারো মাসে তেরো পার্বণের কথা লোকমুখে দীর্ঘকাল স্রোতস্বিনী নদীর ন্যায় প্রবাহিত হলেও বাংলার বারোটি ষষ্ঠীর ব্রত গ্রাম বাংলার ঘরণীরা আজও পালন করে আসছে।না!নিজের জন্যে তারা কিছুই করে না,তারা স্বামী ও সন্তানের মঙ্গলার্থে এই ব্রত উপাচার করে।

এমনই মাঘ মাসের ষষ্ঠী তিথিতে দেবী ষষ্ঠীর কৃপা লাভের জন্যে পালিত হয় আরেক অরন্ধন,যা শীতল ষষ্ঠী নামেও পরিচিত।মূলত এদেশীয় বাঙালিরা এই ব্রত পালন করে থাকে তাই ছোট থেকেই এসব ব্রতের দর্শন চাক্ষুষ করতে পেরেছিলাম। এ দিন শিলনোড়া ও উনুনকে বিশ্রাম দিতে হয়।এই কথায় মনে জাগে এই বঙ্গে জড় বস্তুকেও কি সুন্দর সযত্নে পূজারও রীতি চালু আছে,ভাবলেই রোমাঞ্চিত হতে হয় বইকি।আগের দিন করা হয় গোটাসেদ্ধ। এ আবার কি?কি বা গোটা গোটা সেদ্ধ করা হয়?আগের দিন ছ-টি করে নতুন আলু, রাঙা আলু, বেগুন, শিষ পালং, শিম, মটরশুঁটি সেদ্ধ করে রাখা হয়।পরের দিন ভগবানকে উৎসর্গ করে খাওয়া হয়।লৌকিক মতে,এর ফলে শরীর ঠাণ্ডা হয় ও জীবাণুর সংক্রমণ থেকে রক্ষা পাওয়া যায়। আর যাই হোক সবজি বলে কথা,তার গুণাগুনকে এভাবে ব্রতের মধ্যে স্থান না দিলে কি চলে!

‘আমার সন্তান যেন থাকে দুধে ভাতে ‘ বাঙালির চিরকালের চাওয়া এটি।এর জন্যে কত আয়োজন কত ব্রত কত উপাচার। বাংলার লোক সংস্কৃতিতে মিশে আছে লৌকিক নানা দেব দেবীর উপাখ্যান। কখনও বাঙালি বেহুলা হয়ে দেবী মনসার কৃপা লাভের জন্যে গাঙ্গুরের জলে ভেসেছে আবার কখনও ফুল্লোরা হয়ে চণ্ডীর কাছে নতজানু হয়েছে আবার কখনও রানী মদনা হয়ে পুত্রের প্রাণ নিয়েছে ধর্ম পালনে।

শহুরে মেকি দেখনদারির আড়ালে চাপা পরে গেছে লৌকিক দেব দেবীর আখ্যান।কিন্তু বাংলার আনাচে কানাচে কতই না মাহাত্ম্য আছে, তার সঙ্গে মানুষের

বিশ্বাস,ভক্তি আর ভয়।শুধু চড়ক,গাজন বা আর্য দেব দেবীর কথা নয় আছে মনসা, শীতলার মত অনার্য দেবীও।

প্রবাহমান বাতাসের মত আজও অরন্ধন বা রান্না পূজো কিংবা গোটা সেদ্ধ রীতি, গ্রাম বাংলার মানুষের জীবনে খদ্যাভ্যাস পরিবর্তনের অসাধারণকেও ছাপিয়ে গিয়েছে এক অনন্য সাধারণত্ব।

বাঙালির জীবনে আধুনিকতা যতই প্রবেশ করছে ততই আলগা হয়ে আসছে শিকড়ের টান। বিশ্বাস করতেও মুশকিল হয় যে, এই বাংলায় কোণে কোণে লুকিয়ে আছে কত শত লৌকিক দেব দেবীর পীঠস্থান। হয়ত কোনো কালে কোনো মানুষের দ্বারায় জন্ম হয়েছিল এক নতুন দেবীর। কোনো মন্ত্র তন্ত্র নয় বরং মানুষের অগাধ ভক্তি ও বিশ্বাস তাদের আজও মানুষের মনে জীবিত রেখেছে। তবে গ্রামের মাটির রাস্তা পেরিয়ে শহুরে সভ্যতায় পদার্পণ করলেই যেন মনে হয় কোথায় হারিয়ে গেল সেই অজ পাড়া- গাঁ এর সেই দেবতার থান? কোথায় পূজোর উপাচার? কোথায় দেব দেবীর মঙ্গল গান? সভ্যতার অগ্রগতি থমকে দেয় বিশ্বাসের চাকা।

শহুরে জীবনে আজ এমনিও রান্না বান্না মাথায় উঠেছে। শহুরে বাঙালি হাঁফ ফেলার সময় না পেয়ে হোটেল বা রেস্টুরেন্ট - এর খাবার ভক্ষণ করে অর্থাৎ বলা চলে প্রায় অরন্ধন পালন করে থাকে! গ্রাম বাংলায় আজও অনেক পূজোতে পান্তা খায় মানুষ আর এমনি নিত্য দিন অভাবের তাড়নায় তাদের একমাত্র সম্বল পান্তা আর নুন। গরীবের দেবী দেবতারা যে তাদের মতোই পান্তা প্রেমী হবে সেটা বলাই বাহুল্য। চিরকাল বেঁচে থাক এই ব্রতের বাংলা আর ব্রতের বাঙালি।

Bonomali Tumi Poro Jonome Hoyo Radha

Tamojit Das
First Year (2024–2026), Government Training College, Hooghly

"It is fatal to be a man or woman pure and simple: one must be a woman manly, or a man womanly."—Virginia Woolf.

Born a man, yet with a feminine soul, Chapal Bhaduri was a master of the jatra tradition in Bengal, possessing a unique gift for female impersonation. This inherent quality likely contributed to his exceptional talent, a hallmark of his craft. As one of the last female impersonators of Bengal, Bhaduri's legacy continues to captivate audiences and theatre enthusiasts worldwide. Chapal Bhaduri's contribution to Bengali jatra has carved a niche, although his former glory has faded over time. He is remembered for his

remarkable talent in female impersonation, which was not a mockery of femininity, but a nuanced portrayal. Bhaduri's intention was not to subvert traditional notions of femininity, but to excel in his profession.

Notable figures like Bal Gandharva from Maharashtra, Jayashankar Sundari from Gujarati theatre, Fida Hussain from Parsi theatre, Chapal Bhaduri, and Janardan Rani from Bengali jatra, have all excelled in the art of female impersonation. In Bengal, Sri Chaitanya Mahaprabhu's portrayal of Rukmini in 1506 set a significant precedent for female impersonators. Chapal Bhaduri's performances were particularly remarkable, earning him widespread recognition and admiration. His convincing portrayals of women led some to mistake him for a female, with several male admirers even proposing to him under that assumption.

Chapal Bhaduri's effeminate voice and talent for female impersonation shone through in his iconic roles, including Kaikeyi, Draupadi, Chand Bibi, and Sultana Razia. He also portrayed Janhavi Devi, the mother of renowned poet Michael Madhusudan Dutta. Notably, Bhaduri performed these roles during a time when social stigma limited women's participation in jatra, with only those from lower classes and questionable reputations, like Nati Binodini, being part of the profession.

In interviews, Chapal Bhaduri openly

discussed his orientation, stating that a feminine essence has always resided within him. He shared that his immersion in feminine roles allowed him to connect with women's experiences, including their menstrual cycles. While identifying as male, Bhaduri described himself as embodying the Ardhanarishwara – a balance of masculine and feminine energies. He expressed comfort and affinity for playing female roles, showcasing his unique perspective and artistic expression.

As he donned female attire, Chapal Bhaduri consciously shed his masculine persona, allowing himself to fully embody the female characters he portrayed. This deliberate erasure of his male identity and embracing of his feminine side was an integral part of his artistic process. This authenticity likely contributed to the natural and transparent quality of his performances. In a personal revelation, Bhaduri shared that he is a gay man, and his secret was discovered by his 'Master' in the 1960s, leading to his departure.

Chapal Bhaduri dominated the jatra scene for years, but as female performers gradually gained prominence, he faded into the background. After a 20-year hiatus, he made a stunning comeback in 1994, reprising a female role as Devi Shitala, showcasing his enduring talent. His convincing portrayals often led to mistaken identity, with some men even attempting to kidnap him, believing him to be a woman, highlighting the blurred lines between reality and performance in his life.

Despite time taking its toll on Bhaduri, recent efforts to revive and preserve India's dying art forms have brought renewed attention to his remarkable legacy. Documentaries like "Chena Kintu Ajana" and "Arekti Premer Golpo," as well as Naveen Kishore's "Performing the Goddess: Chapal Bhaduri's Story," have highlighted Bhaduri's accomplishments and the beauty of his craft, introducing his work to a new audience.

Bhaduri's art transcends gender boundaries, prioritizing the craft over any specific agenda. While not intentionally advocating for LGBTQI issues, his work and life have sparked reflections on gender, sexuality, and societal norms, challenging traditional notions of masculinity and femininity. As a unique artist, Bhaduri's legacy serves as a testament to a bygone era of performance art, making him a treasured relic worth preserving.

"সামাজিক বৈষম্যের স্বীকার নারী"

সমীরণ ধীবর
প্রথম বর্ষ (২০২৪-২০২৬), গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

জন্মলগ্ন থেকেই নারীদের সামাজিক বৈষম্যের মধ্যে থাকতে হয়। একটি মেয়ে জন্ম নেয়ার পর থেকে একটি ছেলের মতো করে বেড়ে ওঠার সুযোগ পায় না। তাকে বড় হতে হয় বিভিন্ন নিয়ম-প্রথার কারাগারে।

যেখানে মানসিক বিকাশের চেয়ে মানসিকভাবে প্রতিবন্ধী হয়ে ওঠার আশঙ্কা থাকে। তাকে বুঝিয়ে দেয়া হয়, তার জন্য নির্ধারিত নিয়মকানুন আছে। এর বাইরে সে যেতে পারবে না। ধীরে ধীরে একটি মেয়ে নারী হয়ে ওঠে, কিন্তু সেখানে থাকে আরো বেশি বাধা। নারীরা পড়ালেখা করে যতই শিক্ষিত হোক না কেন, তবু তারা সামাজিক জীবনে পিছিয়ে। বাইরের জগতে নিজেদের বিকশিত করতে হলে নারীদের অনেক বাধাবিপত্তি অতিক্রম করতে হয়। নারীকে থাকতে হয় গণ্ডির ভেতরে। নারী যখন প্রতিবাদ করে বেরিয়ে আসেন শিকল ছিঁড়ে, তখন তিনি সবার চোখে হয়ে ওঠেন সমাজের খারাপ মেয়ে। এত অবহেলার পরও নারীরা নিজ পরিচয়ে পরিচিত আজ। শিক্ষা ক্ষেত্রে, কর্মজীবনে, সংসারে ও সামাজিকতায়। সব ক্ষেত্রে নারী তার জীবনে এনেছেন নতুন পরিভাষা। কিন্তু খালি চোখে দেখা এই চিত্রের বাইরের চিত্রটি ভয়াবহ। এখন খবরের কাগজে প্রতিদিন দু-তিনটি করে ধর্ষণের খবর থাকছেই। সন্দেহ নেই, এই সময় দেশে ধর্ষণসহ নানা ধরনের সহিংসতা ভয়াবহ একটি সমস্যা। চলন্ত বাসে, নিজের ঘরে এমনকি সবচেয়ে সুরক্ষিত এলাকায় নারীকে ধর্ষণ ও হত্যা করা হয়। আর পরিবারে নারী নিগ্রহ তো প্রতিদিনের ঘটনা।

আমাদের দেশের নারীরা নির্যাতন সহ্য করে আসছেন যুগ যুগ ধরে। একজন নারী সহিংসতার শিকার হলে সেখানে নারীকে খারাপ দৃষ্টিতে দেখা হয়। মূলত সহিংসতা ঘটে একধরনের মানসিক অবস্থা থেকে, যা পুরুষের মনে এই ধারণা সৃষ্টি করে যে, এটা তাদের অধিকার। যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারীদের অবমূল্যায়ন এবং নারীদের অর্জনকে শ্রদ্ধা না করে বরং তাদের হেয় ও উত্ত্যক্ত করার মানসিকতা থেকেও আমাদের সামাজিক দৃষ্টিভঙ্গি বোঝা যায়। আমরা যতই শিক্ষিত হই না কেন, আমাদের বেড়ে ওঠায় নারী ও পুরুষ সম্পর্কে প্রচলিত সামাজিক কিছু ধারণা আমাদের মনে অনেক আগেই গেঁথে গেছে, যা নারী নির্যাতনের অন্যতম কারণ। আমাদের সমাজে বেশিসংখ্যক মানুষ মনে করে, পুরুষেরা তুলনামূলক বেশি ক্ষমতাশালী। তাই সব বিষয়ে সিদ্ধান্ত তারাই গ্রহণ করবেন। ক্ষমতার এই অসমতা পুরুষদের আধিপত্য বজায় রাখতে সহায়তা করছে।

বর্তমান সমাজে আমাদের মানসিকতা ও প্রথাগত ভুল ধারণা থেকে বেরিয়ে আসতে হবে।।

বনলতার ভ্রমণ যাত্রা

কিরণ মণ্ডল
প্রথম বর্ষ (২০২৪-২০২৬), গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

নিজস্ব প্রতিবেদন:- দিনটি ছিল ২৬শে জানুয়ারি ঘুরতে যাওয়ার কথা হয়েছিল আশেপাশের পাড়া-প্রতিবেশী পরিবারের সঙ্গে। কথা অনুযায়ী কাজ সকাল ছটায় বাস ছাড়া হল, এক রোমাঞ্চকর ভ্রমণযাত্রায় ব্রেকফাস্টে ছিল ডিম কলা ক্রিম পাউরুটি কমলালেবু। শীতকাল তাই সকল মানুষের মধ্যেই পিকনিকের একটি চল থেকে যায় যে যেমন পারে তাদের নিজের স্বার্থ মতো দূরে কোথাও কেউ কাছে পিঠে ঘুরে আসে। ছুটিকে উপভোগ করে। আমাদের গন্তব্য ছিল 'বনলতা রিসোর্ট' আমরা সকাল সাড়ে দশটা নাগাদ বনলতায় পৌছালাম এবং আশপাশটা ঘুরবার জন্য বেরিয়ে পড়লাম। খুবই সুন্দর জায়গা পাশে জয়পুরে জঙ্গল যেখানে বহু মানুষ দাঁড়িয়ে ছবি তোলে এবং এই বনলতা হচ্ছে একটি বিশাল বড় এরিয়া জুড়ে একটি বড় রিসোর্ট এবং হোমস্টে যেখানে ঘুরতে এসে বহু মানুষ থাকেন। শীতকালে যেহেতু ঠান্ডা ঠান্ডা এবং রোদের তাপ তেমন প্রখর হয় না মনোরম তাই একটু ঘুরে বেড়াতে খুবই ভালো লাগে। বনলতা দুটি রিসোর্ট রয়েছে একটি আসল আর একটি নব রূপে তৈরি করা হয়েছে যেখানে সুইমিং পুল রয়েছে যেখানে বসবার জায়গা রয়েছে সেই সময় যেহেতু বিভিন্ন রকম ফুল চাষের একটি প্রবণতা দেখা যায় তো বহু রকমের ফুল চাষে করা হয়েছে গোলাপ ফুল থেকে শুরু করে গাঁদা ফুল আরো যে সমস্ত শীতকালীন ফুল সমস্ত চাষ করা হয়েছে এবং এখানের বিশেষত্ব হচ্ছে ফটো তোলার জন্য সেরা বলা যেতে পারে এখানে ঘর গুলিকে কাঠের ডিজাইন করেও তৈরি করা হয়েছে কোন কোন ঘর হচ্ছে খড় দিয়ে বিনুনি করে ডিজাইন করা। একটি বিশাল বড় ফাঁকা মাঠ রয়েছে যেখানে অনেক বাস দাঁড়িয়ে অনেক গাড়ি দাঁড়িয়ে অনেক পরিবার সেখানে পিকনিক করতে এসেছে। চারি ধারে বন বড় বড় ঘাস বড় বড় মেহগনি গাছ বিভিন্ন গাছের সমাহার জঙ্গল কে আরো ঘন করে তুলেছে একটি লাইটহাউজ রয়েছে যেখানে এই জয়পুরে জঙ্গল ও এই বনলতা সম্পর্কে একটি বড় ম্যাপ দেওয়া রয়েছে। দুপুরের ভুরিভোজের

জন্য রান্না শুরু হলো মেনুতে ছিল ভাত ডাল সুক্ত বেগুনি মাংস চাটনি পাপড় মিষ্টি রান্না হচ্ছিল। আমরা প্রায় অর্ধেক জন মিলে আসল রিসোর্ট একটু ঘুরতে গেলাম গিয়ে দেখলাম বাঁকুড়ার যে শিল্পকলা অর্থাৎ মাটির যে পুতুল টেরাকোটা তারা বিক্রি করছে সেটাই তো তাদের জীবিকা একমাত্র পয়সা উপার্জন এক রাস্তা। তাদের কাছে হরেক রকমের খেলনা মাটির পুতুল মাটির ঘোড়া হরিণ ও জীবজন্তুর প্রতিকৃতি সমস্তটাই রয়েছে। এবং রিসোর্টের একটি বড় গেট রয়েছে যেখানে লেখা বনলতা রিসোর্ট ও পাশ দিয়ে একটি বড় পুকুর যেখানে ফোয়ারা সিস্টেমে জল দিচ্ছে। খুব সুন্দর বাগান শীতকালের সব ধরণের ফুলের উপস্থিত তবে গোলাপ ফুল ও গাঁদা ফুলের চাষটাই বেশি হয়েছে হলুদ রঙের গাঁদা কমলা রঙের গাঁদার সমাহার। এছাড়া তারা ছোট ছোট গোলাপ চারা গাছ গাঁদা চারা আরো অন্য ধরনের ফুলের গাছের চারাও বিক্রি করে উপার্জন করছে। সারি সারি তালগাছ নারকেল গাছ দিয়ে বানানো কঠুরি যেখানে গান বাজনার আসর জমিয়েছে তার পাশেই জয়পুরের বিশাল রাস্তা এবং রিসোর্টের ভিতরে আরেকটি পুকুর রয়েছে যেখানে বড় বড় মাগুর মাছ চাষ করা। আর বড় বড় খাঁচা করা যেখানে উট পাখি রয়েছে বিদেশি মোরগ রয়েছে ।চারিপাশে আরো ঘর থাকবার জন্য এবং ভিতরে মেলা বসেছে প্রচুর খাবারের দোকান হোটেল বাচ্চাদের বিভিন্ন রকম খেলনা ,ট্রামপ্লেন থেকে শুরু করে মিকি মাউস, ট্যাটু করা বিভিন্ন রকম খেলা। মাটির তৈরি বড় বড় রান্নার উনুন মাটির ঘর অনেকগুলি রয়েছে তার সঙ্গে একটি বিশেষত্ব হচ্ছে শীতকালে যে পিঠে বানানো হয় পৌষ পার্বণ বাঙালি দে উৎসব সেখানে চাল গুঁড়ো করে পিঠে বানানো হয় ঘরোয়া পদ্ধতি কোন কেমিক্যাল ছাড়াই। একটি বড় লাল মাটির পথ চারিদিকে শুধু লাল মাটি আর লাল মাটি আমরা দুপুরের খাবার পর বিশ্রাম নিয়ে জঙ্গলে একটু ঘুরে এলাম তারপর ক্রিকেট ব্যাডমিন্টন মাঠে খেললাম বিকেলে হাওয়ায় মিঠাই ঘটি গরম ঘুগনি বসে ছিল অপরূপ ভ্রমণ বৃত্তান্ত বলা যেতে পারে। বিকেল ছয়টা বাজবেই চারিদিক অন্ধকার হয়ে গেল পুলিশের টর্চ নিয়ে হানাহানি লাইট হাউস আলোতে উঠলো। বাস ছাড়ার প্রস্তুতি জঙ্গল মনে হল জীবন্ত রূপ পেল আশেপাশের যত বাস ও পিকনিক করতে আসা লোকজন তারাও ফাঁকা হয়ে গেল ও লোকো মতে শোনা গেল সেখানে রাত্রিবেলা বাচ্চা চুরি ও শেয়াল বাঘ ইত্যাদি জন্তু বেরোনোর প্রবণতা রয়েছে। তাই তারা আমাদের তাড়াতাড়ি বাড়ির উদ্দেশ্যে রওনা দেওয়ার পরামর্শ দিল এবং আমরা সেখান থেকে বাড়ির উদ্দেশ্যে রওনা দিলাম।

The Tiny Teachers

Sayan Bhadra
First Year (2024–2026), Government Training College, Hooghly

Anirban was no ordinary boy. While others played football or scrolled on their phones, he loved watching insects. Ants marching in a line, bees buzzing in flowers, or a dragonfly hovering mid-air—everything fascinated him.

One afternoon, he noticed an old man sketching a dragonfly near the village pond.

"You like insects too?" Anirban asked.

The man smiled. "They're my teachers."

Anirban laughed. "Teachers?"

"Yes," the man nodded. "Each insect has a life lesson to offer. Let me show you."

He pointed at a line of ants nearby, dragging a large crumb of bread. "Look at them—so small, yet working together like a perfect team. Not one of them could carry that alone. But united, they manage with ease. That's the power of teamwork. No one is too small when they work together."

Anirban watched the ants with new eyes. The man continued, "And the butterfly—have you ever thought about how much it changes? It begins life as a slow little caterpillar, then wraps itself in a cocoon. Days pass in silence and darkness. But when it emerges, it's a creature of beauty and grace."

Anirban nodded slowly.

"It teaches us to be patient. Change takes time. Sometimes we must pass through stillness and struggle before we grow into our best selves."

Nearby, a few bees buzzed around a flowering bush.

"See those bees? They each have a duty. Some gather nectar, others guard the hive, and some care for the young. Every bee works with purpose. No laziness, no complaints."

"They remind us that discipline and dedication build strong communities. When each of us does our part, the whole system flourishes."

The dragonfly the man had been sketching hovered near the water's surface, then darted swiftly to catch a mosquito mid-air.

"Dragonflies are amazing hunters. They move fast, yet never lose focus. Their vision is sharp, their actions precise. In life too, we need that kind of focus—to know our goal and move steadily toward it."

Anirban listened in awe. Insects weren't just creepy crawlies anymore—they were little teachers, showing us how to live better lives.

As the sun dipped lower, the man packed up his sketchbook and stood.

"The smallest creatures often carry the biggest lessons," he said, placing a hand on Anirban's shoulder. "You just have to look closely."

That evening, Anirban walked home with a smile. The ants, the butterfly, the bee, the dragonfly—they had all taught him something precious.

From that day on, he didn't just watch insects. He learned from them.

ছবি

শাস্ত্রীয় সঙ্গীতের বাদ্যযন্ত্র - সুকুমার দাস (২০২৪-২০২৬)

প্রতীক্ষা - সুকুমার দাস (২০২৪-২০২৬

লতা মাঙ্গেশকার

দীপাঞ্জন বিশ্বাস (২০২৪-২০২৬)



গভর্ণমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী

সৌমিত্র চট্টোপাধ্যায়

দীপাঞ্জন বিশ্বাস (২০২৪-২০২৬)



পৃথিবীর অসুখ

শ্রী অরিজিৎ গুপ্ত (2015-2017), প্রাক্তনী
(সহকারী শিক্ষক, কাটজুণগর স্বর্ণময়ী বিদ্যাপীঠ)

স্বাভাবিক তাপমাত্রায় অনুকূল জলবায়ু ও সুস্থ পরিবেশ জীব-বৈচিত্রের বিকাশ ঘটায়। পরিবেশের দূষণ , মানুষের লোভ , জলবায়ুর পরিবর্তন ও বিশ্ব উষ্ণায়নের ফলে সর্বভোগ্য বসুন্ধরা আজ বিপন্ন । জীবজগতের সবচেয়ে চতুর ও বুদ্ধিমান প্রাণীটি অন্য প্রাণীদের শোষণ করে তাদের প্রাপ্য অধিকার ছিনিয়ে নিচ্ছে অবিরত। পরিবেশের প্রতিরোধ মানুষ বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহার করে সামাল দিলেও পৃথিবী ক্রমশ দুর্বল হয়ে ধ্বংসের পথে এগিয়ে চলেছে। সালফার ডাই অক্সাইড, কার্বন-ডাই-অক্সাইড, মিথেন, ওজন ও নাইট্রাস অক্সাইড প্রভৃতি গ্রীন হাউস গ্যাসের আস্তরণ পৃথিবীর বায়ুমণ্ডল কে চাদরের মতো মুড়ে রাখায় সূর্যের তাপ ওই গ্যাসের আবরণ ভেদ করে যেতে না পারায় পৃথিবী ও সংলগ্ন বায়ুমণ্ডল উত্তপ্ত হয়ে পৃথিবীর উষ্ণতা ক্রমশ বাড়িয়ে চলেছে। প্রকৃতি পরিবেশ স্বকীয়তা বজায় রাখতে প্রতিরোধের মাধ্যমে সংকেত দিলেও আমরা তা উপেক্ষা করি দম্ভের সাথে।

পরিবেশবিদ, গবেষক ও বিশেষজ্ঞরা প্রকৃতি পরিবেশ নিয়ে চর্চা করেন কার্যকারণ অনুধাবন করেন আলোচনার মাধ্যমে সমাধানের উপায় বলে দিলেও উদাসীন মানুষ কোন কিছুই তোয়াক্কা করে না। প্রকৃতি পরিবেশকে বুঝতে বিজ্ঞানে ব্যুৎপত্তি বা বিশেষজ্ঞ তার চেয়েও বেশি প্রয়োজন বিজ্ঞানমনস্কতা ও সচেতনতা কারণ যে মালি বা কৃষক সেও প্রকৃতি পরিবেশের বিজ্ঞানকে জানে তার বংশ পরম্পরায় অর্জিত জ্ঞানের মাধ্যমে। কৃত্রিম মানব ভ্রুণ , কৃত্রিম বুদ্ধিমত্তা, কৃত্রিম সবুজ কণা তৈরি , জিন প্রযুক্তি ও চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতি মানুষের উন্নতির সোপান প্রশস্ত করলেও সুষ্ঠু প্রকৃতি পরিবেশ ছাড়া মানুষের অস্তিত্ব রক্ষা অসম্ভব। ৫ই মে ২০১৭ পদার্থবিজ্ঞানী স্টিফেন উইলিয়াম হকিং বিবিসি টু এর অনুষ্ঠানে বলেছেন "দ্বাবিংশ শতাব্দীর কোন এক সময়ে এই পৃথিবীতে মহাপ্রলয় ঘটবে যা শুধু মনুষ্য প্রজাতির বিলুপ্তির কারণ হবে কারণ হিসাবে তিনি বলেছেন পরিবেশে বদল ,গ্রহানুর সংঘাত, মহামারী ও জনস্ফীতি"।

মহাপ্রলয় কে বিলম্বিত করতে আমাদের করণীয় কর্তব্য যা পৃথিবীর অসুখ নিরাময় করতে পারে তা হল-

১. আনন্দ উৎসবের দিনগুলিতে স্মারক হিসাবে প্রিয়জনের স্মৃতিতে গাছ লাগানো ও তাকে লালন-পালন করে বড় করে তুলুন।

২. জৈব জ্বালানির ব্যবহার ন্যূনতম করে অচিরাচরিত শক্তির ব্যবহারকে উৎসাহ দান করুন।

৩. সৌরশক্তি ব্যবহারে সৌর বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে অনগ্রিড ,অফ গ্রিড, নেট মিটারিং বা হাইব্রিড পদ্ধতিতে বিদ্যুতের যোগান বৃদ্ধি করে বিদ্যুতের বিল কমানোর চেষ্টা করুন।

৪. শিক্ষা সচেতনতা নৈতিক সংযম সামাজিক সু অভ্যাস ও দায়বদ্ধতা দেশাত্মবোধ জনস্ফীতি রোধে সক্ষম হবে।

৫. পৃথিবীর সাম্যের জন্য বনভূমি ও জলাভূমির ভারসাম্য রক্ষা করে পরিবেশ দূষণ ও জলাভূমির ভারসাম্য রক্ষা করে পরিবেশ দূষণ ও জলবায়ু পরিবর্তন প্রতিরোধে সক্রিয় অংশগ্রহণ করুন।

৬. দূষণমুক্ত সৌর বিদ্যুৎ চালিত যানবাহন বাধ্যতামূলকভাবে চালু করতে হবে সর্বসাধারণের সাধ্যের মধ্যে অল্প বিনিয়োগে দীর্ঘকালীন দূষণমুক্ত পরিষেবার জন্য সাইকেল ব্যবহার জনপ্রিয় করতে হবে ফলে মানুষ সুস্থ হবে ।

পরিবেশের স্থিতাবস্থা রক্ষায় ও উষ্ণায়ন রোধে জীবন যাপনের ধারা পরিবর্তন করতে হবে পরিস্থিতি ও সময়ের সাথে তাল রেখে।

হুগলী গভর্নমেন্ট ট্রেনিং কলেজ: এক আলোকবর্তিকা

বিক্রম টিকাদার (2021-2023), প্রাক্তনী
PhD গবেষক, (ফকির মোহন বিশ্ববিদ্যালয়, বালাসোর, ওড়িশা)

হুগলী গভর্নমেন্ট ট্রেনিং কলেজ, পশ্চিমবঙ্গের এক ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান, যা শিক্ষার ক্ষেত্রে উন্নত মানদণ্ড স্থাপন করেছে। প্রতিষ্ঠার শুরু থেকে এই প্রতিষ্ঠান জ্ঞানের আলো ছড়িয়ে দিচ্ছে এবং অসংখ্য শিক্ষার্থীকে যোগ্য শিক্ষক হিসেবে গড়ে তুলেছে। ১৯৫৫ সালে প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠানটি শুধুমাত্র শিক্ষক তৈরির কারখানা নয়, বরং এটি জ্ঞানের আলো ছড়ানোর এক নির্ভরযোগ্য কেন্দ্র।শিক্ষা, চরিত্রগঠন এবং সংস্কৃতির মেলবন্ধন এই কলেজের মূল উদ্দেশ্য।

শিক্ষা সম্পর্কে অ্যারিস্টটল বলেছিলেন:

"শিক্ষা হলো আত্মার সেই পবিত্র আলো, যা অন্ধকার দূর করে মানবতাকে আলোকিত করে।"

এই মহাবিদ্যালয় কেবল পঠনপাঠনের জায়গা নয়, এটি এক মননশীলতা, উদ্ভাবন এবং সৃজনশীলতার প্ল্যাটফর্ম। শিক্ষার্থীদের বিভিন্ন কার্যক্রম যেমন সেমিনার, কর্মশালা, এবং গবেষণা প্রকল্প তাদের শিক্ষকতার দক্ষতা উন্নত করার পাশাপাশি তাদের ব্যক্তিত্বকেও সমৃদ্ধ করে।

Support for Widow Remarriage : During an era when widow remarriage was widely condemned, Mitra's writings advocated for the rights of widows to remarry and lead dignified lives. His essays and journalistic contributions challenged conservative societal views and aligned with reform movements led by figures such as Ishwar Chandra Vidyasagar.

Criticism of the Caste System : Pyarichand Mitra's works often exposed the injustices of the rigid caste system and called for social equality. He highlighted how caste-based discrimination oppressed lower sections of society and restricted social mobility. His journalistic writings promoted the idea of breaking down caste barriers to create a more just and progressive society.

Promotion of Rational Thinking and Modernization : Pyarichand Mitra was a strong advocate of rationalism and scientific thinking. He criticized superstitions and outdated traditions that hindered progress. His writings encouraged people to embrace modern ideas and reforms that aligned with education, science, and economic development.

Use of Journalism as a Tool for Reform : Through his contributions to Tattwabodhini Patrika and Hindoo Patriot, Mitra used the press as a medium

to spread reformist ideas. His articles addressed pressing social issues, promoted discussions on reforms, and challenged the status quo, making journalism an essential part of his activism.

Pyarichand Mitra's writings served as a powerful force for social reform in colonial Bengal. His advocacy for education, widow remarriage, caste equality, and modernization played a crucial role in shaping progressive thought during the Bengal Renaissance. Through literature and journalism, he became a key voice in the movement for social change.

- **Highlight Contemporary Relevance in the Writings of Pyarichand Mitra**

Pyarichand Mitra's writings, though rooted in 19th-century Bengal, continue to hold contemporary significance in today's social and literary landscape. His advocacy for social reform, gender equality, and rational thinking remains relevant in modern discussions on justice, education, and societal progress. Some of the key areas where his ideas still resonate include:

Women's Rights and Education : Pyarichand Mitra strongly advocated for women's education and empowerment, emphasizing its necessity for social progress. In today's world, where gender inequality and educational disparities still exist, his vision aligns with ongoing efforts to ensure equal access to education and opportunities for women. His work reminds us of the importance of challenging outdated gender norms.

Caste and Social Equality : His critiques of the caste system and social discrimination remain pertinent, as issues of caste-based inequality and social exclusion continue in many parts of India. His writings encourage a more inclusive society where people are judged by their abilities rather than birth status, echoing modern social justice movements.

Promotion of Rational Thinking : Pyarichand Mitra's call for rationalism, scientific inquiry, and modernization is highly relevant in today's fight against misinformation, superstitions, and regressive beliefs. His work inspires critical thinking and progressive reforms, particularly in education and public policy.

Literature as a Tool for Social Change : The way Mitra used literature and journalism to promote reform serves as a model for contemporary writers, activists, and journalists who use media to highlight social issues. His approach encourages modern storytellers to engage with social realities and drive meaningful change.

Media and Reform Movements : As a journalist and editor, Mitra understood the power of the press in shaping public opinion. In today's digital age, where social media and journalism continue to influence societal debates, his use of writing as a means of activism remains an important lesson in responsible and impactful communication.

Pyarichand Mitra's legacy continues to inspire contemporary discussions on social reform, equality, and literary activism. His works encourage modern societies to embrace progressive values, use literature as a catalyst for change, and strive for a more just and educated world.

Conclusion / Findings

Pyarichand Mitra was not only a pioneer of modern Bengali prose but also a dedicated social reformer whose writings addressed crucial issues such as women's education, caste discrimination, and widow remarriage. His works provided a critical

lens through which the societal norms of 19th-century Bengal were questioned and reformed. Through his novels, essays, and journalistic contributions, Mitra advocated for gender equality, social justice, and rational thinking, making his literature a significant force for change.One of his most influential contributions was his role in shaping modern Bengali prose. Moving away from the complex, Sanskritized language of earlier literature, Mitra introduced a more accessible and colloquial style that connected with a wider audience. His novel Alaler Gharer Dulal (1857), written under the pseudonym Tekchand Thakur, was instrumental in establishing a new literary tradition that blended realism with social critique. Additionally, his contributions to newspapers like Tattwabodhini Patrika and Hindoo Patriot played a crucial role in developing Bengali journalism, transforming it into a tool for public awareness and activism.Beyond literature, Mitra actively engaged in social reform movements, particularly advocating for women's education and widow remarriage. His writings highlighted the oppressive conditions faced by women and lower-caste individuals, urging for progressive reforms. As a member of Bengal's intellectual and reformist circles, he collaborated with other social reformers to promote rationalist ideas and challenge regressive customs. His use of satire and criticism in his works helped to expose the contradictions within society, making his literature a key part of the Bengal Renaissance. The contemporary relevance of Mitra's ideas is undeniable. His emphasis on education, gender equality, and social justice resonates with modern movements advocating for similar causes. His approach to using literature and journalism as instruments of social change serves as an inspiration for today's writers, journalists, and activists. His critiques of caste discrimination, superstitions, and patriarchal norms continue to provide valuable insights into ongoing social struggles.

In conclusion, Pyarichand Mitra's literary, journalistic, and reformist contributions remain a significant part of India's intellectual history. His writings not only shaped Bengali literature but also played a vital role in promoting progressive social values that continue to influence contemporary thought and activism.

Bibliography :

Bhattacharya, S. (2001). Education in British India: Controversies and Debates. Routledge.

Broomfield, J. H. (1968). Elite Conflict in a Plural Society: Twentieth-Century Bengal. University of California Press.

Chakrabarty, D. (2000). Provincializing Europe: Postcolonial Thought and Historical Difference. Princeton University Press.

Chaudhuri, K. N. (1983). The Bengali Intellectual Tradition and Modern Education. Oxford University Press.

Das, S. K. (1991). A History of Indian Literature, 1800-1910: Western Impact, Indian Response. Sahitya Akademi.

Guha, R. (1983). Elementary Aspects of Peasant Insurgency in Colonial India. Duke University Press.

Kopf, D. (1979). The Brahmo Samaj and the Shaping of the Modern Indian Mind. Princeton University

Press.

Mitra, P. C. (1857). Alaler Gharer Dulal. Gopalchandra Publishing House.

Mukherjee, M. (2000). Early Novels in India. Sahitya Akademi.

Nandy, A. (1983). The Intimate Enemy: Loss and Recovery of Self under Colonialism. Oxford University Press.

Palit, C. (2009). Education in Colonial Bengal: 1793-1835. Manohar Publishers.

Ray, S. (2002). Enlightenment and Creativity: Education in the Context of the Bengal Renaissance. Oxford University Press.

Sinha, M. (1995). Colonial Masculinity: The 'Manly Englishman' and the 'Effeminate Bengali' in the Late Nineteenth Century. Manchester University Press.

Sinha, P. (1998). The Changing Face of Bengali Society: From Medieval to Modern Times. Orient Longman.

Som, R. (2017). The Impact of Western Education on Indian Society: A Study in Nineteenth Century Bengal. Sage Publications.

Sudhir, D. (1984). Social Changes in Bengal: A Study in the Growth of Modernisation. Oxford University Press.

Tagore, R. (1917). Nationalism. Macmillan.

Tagore, R. (1994). Selected Writings on Literature and Language. Oxford University Press.

Thompson, E. (1942). Rabindranath Tagore: Poet and Dramatist. Oxford University Press.

Viswanathan, G. (1989). Masks of Conquest: Literary Study and British Rule in India. Columbia University Press.

Roy, S. (2011). Vernacular Education and Class Formation in 19th Century Colonial Bengal. Cambridge University Press.

Sarkar, S. (1973). The Swadeshi Movement in Bengal, 1903-1908. People's Publishing House.

Sen, A. (2006). The Argumentative Indian: Writings on Indian History, Culture and Identity. Penguin Books.

Sengupta, N. (1985). Education and Empowerment in Colonial Bengal. Sage Publications.

Singh, K. (1999). The Bengal Renaissance and the Education Reform Movement. Atlantic Publishers.

Sinha, J. (1978). Bengal's Renaissance: Cross-Currents in 19th Century Bengali Culture. University of California Press.

Raychaudhuri, T. (2000). Europe Reconsidered: Perceptions of the West in Nineteenth Century Bengal. Oxford University Press.

Majumdar, R. C. (1978). The History of Bengal: Muslim Period, 1200-1757. University of California Press.

Mani, L. (1998). Contentious Traditions: The Debate on Sati in Colonial India. University of California Press.

Bose, S. (1990). Peasant Labour and Colonial Capital: Rural Bengal Since 1770. Cambridge University Press.

এজাইল শিক্ষণ ও শিখন : শিক্ষায় একটি নুতন ও গতিশীল দৃষ্টিভঙ্গি

ডঃ অরূপ কুণ্ডু*

ভূমিকা :

গতানুগতিক শিক্ষা প্রায়শই একটি অনমনীয় বাঁধাধরা কাঠামো বিশিষ্ট পাঠ পরিকল্পনা অনুসারী পাঠদান যা শিক্ষকরা আগের থেকেই পরিকল্পনা করে থাকেন। শিক্ষার্থীরা নিষ্ক্রিয়ভাবে তথ্য গ্রহণ করে এবং একটি পাঠের শেষে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হয়। এই গতানুগতিক শিক্ষা মডেল সর্বদা বিভিন্ন ধরনের শিক্ষার গতি, শৈলী বা বাস্তব বিশ্বের সমস্যা সমাধানের দক্ষতার সাথে অভিযোজিত করতে পরে না। এজাইল একটা দর্শন এবং কাজ করার উপায় যা স্বতন্ত্র এবং মিথস্ক্রিয়ার সহিত অর্থবহ শিক্ষা যা সকল স্টেক হোল্ডারের সহযোগিতা ও প্রতিক্রিয়ার সাথে পরিবর্তনের কথা বলে। ইহার উৎস মূলত সফটওয়্যার ডেভেলপমেন্টের শিল্প থেকে কিন্তু ইহা শিক্ষা সহ যে কোন ক্ষেত্রে ব্যবহার হতে পারে। এজাইল, শিক্ষাবিদ ও শিক্ষার্থীদের প্রাসঙ্গিক সমাধান তৈরি ও সরবরাহ করতে সহায়তা করতে পারে যা সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক ও প্রমাণ সাপেক্ষ। এজাইল শিক্ষণ ও শিখন পদ্ধতি একটি নমনীয় শিক্ষার্থীকেন্দ্রিক পদ্ধতি যা সফটওয়্যার এর বিকাশ করার পদ্ধতি। অর্থাৎ এজাইল পদ্ধতি থেকে অনুপ্রাণিত হয়ে প্রস্তাবিত হয়েছে, শিক্ষার্থীদের সহযোগিতা, অবিচ্ছিন্ন ফিডব্যাক এবং অভিযোজন যোগ্যতা। এজাইল শ্রেণিকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণকে শিখন প্রক্রিয়ায় সম্পৃক্ত করে, যাতে শিক্ষার্থীদের প্রয়োজনী শিক্ষায় ব্যস্ত রাখে এবং বাস্তবিক সময়ে মূল্যায়নের ভিত্তিতে শিক্ষা নির্দেশনাকে বিকশিত হতে দেয়। এজাইল শিক্ষণ ও শিখন এর ভিত্তি নমনীয়তা ও পুনরাবৃত্তি শিখন, এই পদ্ধতি মূলত সফটওয়্যার বিকাশের শিল্পে ব্যবহৃত হয়ে এসেছে যা এখন শিক্ষাক্ষেত্রে নমনীয়তা, শিক্ষার্থী কেন্দ্রিক শিক্ষা পরিবেশন করতে 2001 সালের প্রথম থেকে ব্যবহৃত হচ্ছে (Beck, K. et al. 2001)। শিক্ষায় নমনীয়তা ও পুনরাবৃত্তি শিখন শুরু হয়েছে 1920 সাল থেকে 1960 সালের প্রথম দিকে; যেমন, জন ডিউই শিক্ষায় অভিজ্ঞতা ভিত্তিক শিখন, শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ, অনুধ্যায় এর কথা বলেছেন (Schutz, 2017)। 1950 সাল থেকে 1960 সালের দিকে নির্মিতিবাদ শিখনের কথা বলেছেন যেখানে অনুসন্ধান ও সহযোগিতার দ্বারা শিক্ষার্থীরা নিজেরাই নিজের জ্ঞান নির্মাণ করে (Liu & Chen, 2010)। মারিয়া মন্তেশ্বরী 1907 সালে স্বাতি ও হাতের সঞ্চালনের বা নিজের কার্যকলাপের মাধ্যমে শিখনের কথা বলেছেন (Lillard, nd.)। 1980 থেকে 1990 সাল ব্যবসায় এবং প্রযুক্তিশিল্পে পুনরাবৃত্ত প্রকল্প পরিচালনার পদ্ধতির সাথে পরীক্ষা-নিরীক্ষা করে এজাইল বিকাশের পর্যায় নির্ধারণ করে (Atawneh, 2019, Beck, K. et al., 2001)।

* সহকারী অধ্যাপক, গণিত বিভাগ, গভর্ণমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী, চকবাজার, পিন -712103

শিক্ষা ক্ষেত্রে এজাইল :

2010 সালের প্রথম থেকে শিক্ষাবিদ ও গবেষকরা এজাইল নীতিকে অভিযোজনের জন্য অভিমুখ করার কারণ ইহা শিক্ষার্থী কেন্দ্রিক শিখন, পুনরাবৃত্তিমূলক শিক্ষণ চক্র, অবিচ্ছিন্ন প্রতিক্রিয়া বা ফিডব্যাক-এর উপর জোর দেয়। যা স্বনির্দেশিত শিখন ও দলগত কাজের নমনীয়তা, অভিযোজিত শিখনের দিকে ত্বরান্বিত করে। ব্যক্তিগতকৃত শিক্ষার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত অভিযোজিত শিখনের অংশ হবে আরো বেশি প্রকল্প ভিত্তিক সহযোগী শিখন মডেলের ব্যবহার হবে ইহা বাস্তব বিশ্ব সমস্যা সমাধানের সহিত সঙ্গতিপূর্ণ এবং সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক ও প্রমাণ সাপেক্ষ হবে।

অনমনীয় পাঠ পরিকল্পনার পরিবর্তে পুনরাবৃত্তিমূলক শিখন : শিক্ষার্থীদের স্তর ও উন্নতির ভিত্তিতে শ্রেণিকক্ষের নির্দেশনাকে অভিযোজন করা।

নিঃসঙ্গ শিখনের পরিবর্তে সহযোগী শিখন : শিক্ষার্থীরা একসঙ্গে দলগত ভাবে কাজ করে।

উচ্চ অংশীদারদের টাস্কিংয়ের জন্য অবিচ্ছিন্ন প্রতিক্রিয়াঃ নিয়মিত পরীক্ষাগুলি গভীর বোঝার বিষয়টিকে নিশ্চিত করে।

শিক্ষার্থীরা নিষ্ক্রিয় শ্রোতার পরিবর্তে শ্রেণিকক্ষের স্বায়ত্তশাসন : শিক্ষার্থী তাদের অগ্রগতির দায়িত্ব তাদের নিজের হাতে রাখে।

এই নিবন্ধটি শিক্ষার ক্ষেত্রে একটি নতুন রূপান্তরকারী পদ্ধতির উপস্থাপনা করে। এজাইলের স্তর গুলিকে শিক্ষণ শিখন অনুসরণে সংহত করে। ইহা আধুনিক শিক্ষার প্রাকৃতিক প্রেক্ষাপটে চটজলদি শিক্ষার প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিক ভেবে শুরু হয়েছিল। এই নথিটি উদ্ভাবনী পরিবেশে শিক্ষক ও শিক্ষাবিদদের এজাইল সম্পর্কে প্রয়োজনীয় রুপরেখা দেয়, যা গতিশীল নমনীয় এবং কার্যকর ভাবে শিখন পরিবেশকে উৎসাহিত করার জন্য গতানুগতিক শিক্ষন পদ্ধতির বাইরে বেরিয়ে এসে প্রয়োজনীয় এজাইল দক্ষতার উপর জোর দেয়। শিক্ষাবিদের কাজ হল শিক্ষার্থীদের সহজে বোধগম্যতা বাড়ানোর জন্য বিভিন্ন ধরনের শিক্ষা পদ্ধতি নিয়ে গবেষনা করা ও শ্রেণীকক্ষে প্রয়োগ করে এর কার্যকারিতা যাচাই করা। এই কথা ভেবে বিভিন্ন শিক্ষণ পদ্ধতির যেমন ফ্লিপ ক্লাসরুম, তদন্ত ভিত্তিক শিক্ষণ, অভিজ্ঞতা ভিত্তিক শিখন সহ অন্যান্য উদ্ভাবনী অনুশীলনের সাথে সংহতকরণ করা হয়। এমনভাবেই এজাইল শিক্ষণ ও শিখন প্রয়োগ গুলি জানা ও দক্ষতার সহিত শ্রেণীকক্ষে প্রয়োগের জন্য অভিযোজিত করার লক্ষ্যে একটি প্রয়াস।

এই নিবন্ধটি সামগ্রীক ভাবে একবিংশ শতাব্দীর শিক্ষার বিকশিত দাবির সাথে মানিয়ে নেওয়ার ক্ষেত্রে এজাইল পদ্ধতিগুলি তাৎপর্য কে বোঝায় এবং এটি সমসাময়িকভাবে চ্যালেঞ্জ গুলি মোকাবিলায় এক ধাপ এগিয়ে শিক্ষামূলক অনুশীলনের প্রতিনিধিত্ব করে।

শিক্ষণ ও শিখনে এজাইল দৃষ্টিভঙ্গি :

শিক্ষার্থীর একাডেমিক পারফরম্যান্স এবং গুণগত শিক্ষার উন্নতির জন্য স্কুল শিক্ষার শ্রেণীকক্ষে গ্রহণের নতুন পদ্ধতি এবং কৌশল প্রবর্তনের পদ্ধতিকে গবেষণায় উদ্বাবনী শিক্ষগত পদ্ধতি হিসাবে উল্লেখ করা হয়েছে। এই পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীরা বর্তমান প্রযুক্তি চালিত বিশ্বে অভিযোজনের জন্য প্রস্তুত হবে।

পুনরাবৃত্তিমূলক শিখন : শিক্ষনীয় বিষয়বস্তুকে ছোট ছোট পাঠে ভেঙে দেওয়া হয়, শিক্ষার্থীরা পরবর্তী স্তরে এগিয়ে যাওয়ার আগে তাদের বুঝে নেওয়া জিনিস গুলির অনুশীলন করে এবং পরিমার্জন করে।

শিক্ষার্থী কেন্দ্রিক অন্বেষণ : এজাইল শিক্ষায় শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করা হয়। পের্টান অন্বেষণ করতে উৎসাহিত করা হয়। সমাধান অন্বেষণ

করতে উৎসাহিত করা। কোন সমস্যার কাছে যাওয়ার একাধিক উপায় সরবরাহ করা, গভীর উপলব্ধির দিকে উন্নীত করা।

দলগত সহযোগিতা ও সহপাঠীদের দ্বারা শিখন : দলগত আলোচনা দীর্ঘ বক্তৃতাকে প্রতিস্থাপন করে। শিক্ষার্থীরা একে অপরের ধারণা গুলি আলোচনা করার সাথে সাথে সহপাঠীদের মধ্যে ধারণা গুলোকে শক্তিশালী করে। সহপাঠীরা সমস্যা সমাধান সেশনে (ছোট মিটিং বা স্ট্যান্ড আপ সভাতে) পর্যালোচনা করে। দৈনিক বা সাপ্তাহিক ছোট মিটিং শিক্ষার্থীদের চ্যালেঞ্জ এবং সমাধানগুলি নিয়ে আলোচনা করার অনুমতি দেয়। দলগত কাজ /আলোচনা শিক্ষার্থীদের সমস্যা সমাধানের কৌশল বিকাশে সাহায্য করে।

অবিচ্ছিন্ন প্রতিক্রিয়া এবং গঠনমূলক মূল্যায়ন : গতানুগতিক মূল্যায়ন প্রায়শই শিক্ষার্থীদের উন্নতিতে সহায়তা করতে দেরি করে। সেখানে এজাইল শিখন বাস্তবিক সময়ে প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত করে দেয়।

আত্মপ্রতিফলন (Self-Reflection) : শিক্ষার্থীদের বোধগম্যতার পরিমাপ বা মানদন্ড ঠিক করার জন্য পাঠদানের শেষে ব্যবহৃত একটি দ্রুত গঠনমূলক মূল্যায়ন কৌশল যাতে শিক্ষকদের আরও নির্দেশনা প্রয়োজন আছে কিনা এমন ক্ষেত্রগুলি সনাক্ত করতে এবং সেই অনুযায়ী তাদের শিখন সামঞ্জস্য করার সুযোগ দেয়।

ক্ষুদ্র ক্যুইজ ও সাথে তাৎক্ষণিক আলোচনা : অগ্রগতি এবং চ্যালেঞ্জগুলো নিয়ে আলোচনা করার জন্য শিক্ষকদের সাথে একের পর এক আলোচনায় প্রবেশ করা, নিবন্ধন করন করা। শিখন ফাঁকগুলি তাড়াতাড়ি চিহ্নিত করে শিক্ষকরা শিক্ষার্থীদের পিছিয়ে পড়ার আগে নির্দেশাবলী বা প্রতিক্রিয়া দিয়ে ঠিকঠাক ভাবে অভিযোজিত করার সুযোগ করে। শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা না করে তাদের কাজের উন্নতি করতে তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানানো।

ব্যক্তিগতকৃত্য এবং অভিযোজিত শিখন পথ :

প্রতিটি শিক্ষার্থীর আলাদা বুদ্ধি ও বোধগম্যতার ভিত্তিতে আলাদা গতিতে শিখছে এজাইল শিখন এর অনুমতি দেয়। শিক্ষার্থীদের নিজস্ব শিখন লক্ষণ নির্ধারণ করা। শিক্ষার্থীদের বিভিন্ন ক্রিয়া-কলাপের শিখনের মধ্যে চয়ন করার সুযোগ দেয় যেমন ভিডিও দেখতে শিক্ষা, শিক্ষার্থীর মধ্যে দলগত আলোচনার মাধ্যমে শিক্ষা, প্রকল্পগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে শিক্ষা, যাতে বাস্তববিশ্বের পরিস্থিতি গুলির মাধ্যমে ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করা যায়। দক্ষতা স্তরের উপর ভিত্তি করে বিষয়বস্তুর সাথে খাপ খাওয়ানো ডিজিটাল সরঞ্জম গুলি ব্যবহার করা। একটি পদ্ধতির পরিবর্তে শিক্ষার্থীদের অগ্রগতির উপর ভিত্তি করে বিভিন্ন পদ্ধতিতে পাঠ দান করা যাতে সমস্ত পদ্ধতির সাথে খাপ খায়। শিক্ষার্থীদের শিখনের লক্ষ্য নির্ধারণ এবং তাদের অগ্রগতি প্রতিফলন করার অনুমতি প্রদান।

বাস্তব বিষয়ে প্রয়োগ এবং সমস্যা সমাধান : এজাইল শিখন প্রকল্প ভিত্তিক এবং পরীক্ষামূলক শিক্ষাকে উৎসাহিত করে যেখানে শিক্ষার্থীরা বাস্তব বিশ্বের পরিস্থিতিতে ধারণা গুলি প্রয়োগ করে।

গণিত : বাস্তব জীবনের গণিত সমস্যার প্রকল্পের সাথে শিক্ষার্থীদের জড়িত করে। শিক্ষার্থীরা একটা ছোট ব্যবসার বাজেট নকশা করতে বীজগণিত প্রয়োগ করা হবে।

বিজ্ঞান : শিক্ষার্থীদের দল গুলো নগর দূষণের পরিবেশ বান্ধব সমাধান নকশা করে।

ইংরেজী : শিক্ষার্থীরা সহপাঠী এবং শিক্ষকের প্রতিক্রিয়ার ভিত্তিতে প্রবন্ধটি পুনরাবৃত্ত ভাবে পরিমার্জন করে।

শিক্ষাকে প্রাসঙ্গিক এবং ব্যবহারিক করে তোলে,

শিক্ষার্থীদের আধুনিক কর্মীর মতো সমালোচনামূলক চিন্তা ভাবনা এবং অভিযোজনযোগ্য প্রয়োজনীয় দক্ষতার বিকাশ করে।

উন্নয়নশীল এবং উদ্ভাবনী শিক্ষাগত পদ্ধতি:

সময়ের প্রয়োজন হল শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশের উপর মনোযোগ দেওয়া যাতে তারা সৃজনশীল এবং সমালোচনামূলক চিন্তাবিদ হয় এবং এই ক্ষেত্রে শিক্ষকদের শ্রেণীকক্ষে আনন্দময় শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতি অনুসরণ করতে হবে এবং অর্থপূর্ণ শিক্ষার উপর মনোযোগ দিতে হবে। এজাইল শিক্ষা হল শিক্ষার্থীদের মধ্যে দলগতভাবে কাজ করার মাধ্যমে এবং তাদের নিজস্ব গতিতে শেখার মাধ্যমে একটি শক্তিশালী দায়িত্ববোধ তৈরির একটি উপায়।

অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পরিবেশ তৈরি করা :

প্রচলিত পাঠদান এখনও শ্রেণীকক্ষে ফরোয়ার্ড করা হয় এবং এটি সমস্ত শিক্ষার্থীকে তথ্য এবং প্রয়োজনীয় দক্ষতা উপলব্ধি করতে সহায়তা করে না। শিক্ষকরা সাধারণত প্রচলিত শিক্ষণ পদ্ধতি অনুসরণ করেন কারণ এটি সুবিধাজনক এবং ক্লাসের আগে কম পরিকল্পনা এবং চিন্তাভাবনার প্রয়োজন হয়। কিছু ছাত্র আছে যারা দুর্বল এবং সহযোগিতার প্রয়োজন এবং একটি সহযোগিতামূলক সেটআপে রাখা হলে ভালো করে। বিভিন্ন শেখার শৈলী এবং প্রয়োজনের একীকরণের সাথে সহযোগিতায় টিম ওয়ার্কের সময়, সমস্ত সদস্য নির্ধারিত কাজটি সম্পূর্ণ করার জন্য তাদের শক্তি একত্রিত করে।

শিক্ষার্থী এবং শিক্ষকদের মধ্যে সর্বোত্তম অনুশীলনের জন্য প্রবর্তিত কৌশলগুলি চিহ্নিত করা :

প্রযুক্তির একীকরণের মাধ্যমে এজাইল পাঠ্যক্রমের সর্বোত্তম অনুশীলন প্রতিফলিত হবে। এজাইল শিক্ষণ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রযুক্তি ব্যবহার করা হবে। শিক্ষক এবং শিক্ষার্থী উভয়কেই সমসাময়িক চ্যালেঞ্জ এবং "ডিজিটাল দক্ষতা"-তে একবিংশ শতাব্দীর দক্ষতার মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। ফলস্বরূপ, শিক্ষকদের ডিজিটালভাবে দক্ষ হতে হবে যাতে তারা পাঠ্যক্রমের মধ্যে প্রযুক্তি ডিজাইন এবং অন্তর্ভুক্ত করতে পারে এবং ডিজিটাল সামগ্রী ব্যবহারের প্রক্রিয়ায় শিক্ষার্থীদের গাইড করতে সক্ষম হয়।

পরিবর্তনশীল সমাজ এবং SDG (Sustainable Development Goals 17) চাহিদার প্রতি প্রতিক্রিয়াশীল একটি শিক্ষার পরিবেশ বজায় রাখা :

এজাইল শিক্ষার লক্ষ্য SDG 4 এবং SDG 5 পূরণ করার জন্য প্রতিটি শিক্ষার্থীকে মানসম্মত শিক্ষার জন্য গুরুত্ব দেওয়া হয়। NEP 2020 দ্বারা এটি স্বীকার করা হয়েছে যে গণিত এবং গণিতের চিন্তাভাবনা, বিকশিত ভারত এর ভবিষ্যত গঠনে এবং দেশের নেতৃত্বে উদ্ভাবনী এবং ক্রমবর্ধমান শিল্প এবং পেশার একটি পরিসরে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে যাতে উন্নত বিশ্লেষণ এবং কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) প্রযুক্তি অন্তর্ভুক্ত থাকতে পারে।

এজাইল শিক্ষন ও শিখনের সুবিধা :

শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ায়:

সক্রিয় অংশগ্রহণ শিক্ষাকে উপভোগযোগ্য করে তোলে।

সমস্ত শিখন কৌশল বা শৈলী সমর্থন : ব্যক্তিগতকৃত শিখন উপায় গুলি প্রতিকূল অবস্থায় পড়া বা পিছিয়ে পড়া এবং উন্নত উভয়ই শিক্ষার্থীদের সহায়তা করে।

ক্রমবিকাশের মানসিকতাকে উৎসাহিত কর : ভবিষ্যতের ক্যারিয়ার বা পেশার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করে।

শিক্ষকের কাজের চাপ হ্রাস করে :

অবিচ্ছিন্ন ফিডব্যাক শেষ মুহূর্তের নিঃশেষিত এবং বার্নআউট কে বাধা দেয়।

এটি শিক্ষার্থী কেন্দ্রিক শিক্ষাকে উৎসাহিত করে, শিক্ষার্থীদের তাদের আগ্রহ, চাহিদা এবং লক্ষ্যের উপর ভিত্তি করে পরীক্ষা-নিরীক্ষা এবং তাদের শেখার পুনরাবৃত্তি করার সুযোগ দেয়।

এটি শিক্ষার্থীদের স্বায়ত্তশাসন, দক্ষতা এবং উদ্দেশ্য প্রদান করে এবং শেখাকে মজাদার এবং অর্থবহ করে তোলে, শিক্ষার্থীদের সম্পৃক্ততা এবং প্রেরণা বৃদ্ধি করে।

এটি শিক্ষার্থীদের সামাজিক ও মানসিক দক্ষতা যেমন আত্মসচেতনতা, স্ব-ব্যবস্থাপনা, সামাজিক সচেতনতা, সম্পর্ক দক্ষতা এবং দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণের বিকাশের মাধ্যমে তাদের কর্মক্ষমতা এবং সুস্থতা উন্নত করে।

এটি শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য প্রস্তুত করে, একবিংশ শতাব্দীর জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং দক্ষতা দিয়ে সজ্জিত করে, যেমন সমালোচনামূলক চিন্তাভাবনা, সমস্যা সমাধান, যোগাযোগ সহযোগিতা এবং নেতৃত্ব।

এটি শিক্ষকদের কাজের চাপ এবং মানসিক চাপ কমায়, তাদের প্রভাষক, ব্যবস্থাপক এবং মূল্যায়নকারীর পরিবর্তে সুবিধাদাতা, প্রশিক্ষক এবং পরামর্শদাতা হিসেবে কাজ করার ক্ষমতা প্রদান করে।

এটি শিক্ষকদের সন্তুষ্টি এবং প্রবৃদ্ধি বৃদ্ধি করে, তাদের ছাত্র সহকর্মী এবং অংশীদারদের কাছ থেকে এবং তাদের সাথে শিখতে সক্ষম করে এবং তাদের পেশাদার উন্নয়ন এবং উদ্ভাবনের সুযোগ প্রদান করে।

এজাইল শিক্ষণ এবং শিখনের শিক্ষাগত তাৎপর্য :

এজাইল লার্নিং সকল ধরণের শিক্ষার্থীদের জন্য ন্যায়সঙ্গত সুযোগ প্রদানের মাধ্যমে মানসম্মত শিক্ষার উন্নতির জন্য সম্পদের সামগ্রিক ব্যবহার করবে, যা NEP 2020 এবং SDG 4 & 17 এর সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার জন্য এখনই স্কুল পর্যায়ে এজাইল পাঠ্যক্রম বাস্তবায়ন করার কথা ভেবে দেখার প্রয়োজন রয়েছে।





উপসংহার :

এজাইল শিক্ষন এবং শিখন প্রতিক্রিয়াশীল শিক্ষার্থী চালিত এবং অভিযোজন করে শিক্ষাকে আরো রূপান্তরিত করেছে। নির্দিষ্ট পাঠ পরিকল্পনা অনুসরণ না করে, শিক্ষকরা সহযোগী হিসেবে কাজ করেন। শিক্ষার্থীদের পুনরাবৃত্তি সহযোগিতা এবং বাস্তব বিশ্বের প্রয়োগের মাধ্যমে তাদের নিজস্ব শিক্ষার যাত্রা নেভিগেট করতে সহায়তা করে। একটি দেশের এগিয়ে যাওয়ার নৈপথ্যে শিক্ষাব্যবস্থা সেই দেশের উন্নয়নের অন্যতম মূল ভিত্তি। তাই গুণমাণ সম্মত পাঠক্রম গুণমান সম্মত শিক্ষা ব্যবস্থার মাধ্যমেই আমাদের দেশের ভিত্তি গড়ে তোলা সম্ভব হবে। এজাইল শিক্ষণ শিখন সমস্ত ছাত্রদের জন্য অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রচার করে, সমস্যা সমাধানের ক্ষমতা দেয়, শিক্ষকের কার্যকরীতা বাড়ায়, আজীবন শেখার জন্য প্রস্তুত করে, 21 শতকের প্রযুক্তি এবং উদ্ভাবনের সুযোগ এবং চ্যালেঞ্জ গুলির জন্য তাদের সজ্জিত করে, কর্মসংস্থানের মাধ্যমে তাদের অর্থনৈতিক কর্মক্ষমতা উন্নত করে এবং একটি উদ্যোক্তা মানসিকতা গড়ে তোলে, যা শেষ পর্যন্ত সামগ্রিক উন্নয়ন করে।

পৃথিবী যেমন বিকশিত হয়, শিক্ষাকেও অবশ্যই সাথে বিকশিত হতে হবে। এজাইল শিখন শিক্ষার্থীদের চিরকালীন পরিবর্তিত ভবিষ্যতের সাফল্যের জন্য প্রয়োজনীয় নমনীয়তা এবং সক্রিয়ভাবে অংশগ্রহণের ব্যবস্থা করে।

তথ্যসূত্র (Bibliography) :

Agile in the Classroom | Center for Teaching Excellence -Miami University, David M. Hart, Miami University, 2012

The 4 Pillars of Agile in Education - Kanban Zone Blog, Kanban Zone, Kanban Zone, October 29, 2020

Agile Development in Higher Education: A Process for Learning and Optimizing, Michael B. Horn, EDUCAUSE Review, Volume 54, Number 6, November/December2019, pp. 38-49

How Agile Methodologies Can Transform Education in India, Anil Swarup, Times of India, January 10, 2021

How Agility in the Classroom Empowers Students and Educators, Scrum . Org, November 19, 2020

How to Teach Social-Emotional Learning When Students Aren't in School, Edutopia, April 16, 2020

Lang, G. (2017). Agile Learning: Sprinting Through the Semester, Information Systems Education Journal (ISEDJ). 15(3), 1-21.

Anand, R., & Dinakaran, M. (2016). Popular Agile Methods in Software Development: Review and Analysis. International Journal of Applied Engineering Research, 11(5), 3433-3437.

Beck, K. et al. (2001). Agile Manifesto for Software Development. Retrieved 5/18/2016 from http://agilemanifesto.org

Bustard, D., & Keenan, F. (2009). Soft Systems Methodology: An Aid to Agile Development. In Barry, C., Conboy, K., Lang, M., Wojtkowski, G., Wojtkowski, W. (Eds.), Information Systems Development: Challenges in Practice, Theory, and Education, New York: Springer, 25-38.

Agile in Education: A New Way of Teaching and Learning for the 21st Century https://www.linkedin.com/pulse/agile-education-new-way-teaching-learning-21st-kumar-gaurab-bzeoc/

Schutz, A. (2017). Between Games and Play:John Dewey and the Child Centered Pedagogues, Philosophy of Education 2017, Urbana, Illinois,

Liu C. C. & Chen, I (2010). Evolution of Constructivism, Contemporary Issues In Education Research, 3(4).

Lillard, A.S. (nd.), Playful Learning and Montessori Education, American Journal of Play, 5(2), The Strong, Contact Angeline S. Lillard at aslzh@virginia.edu

Atawneh, S. (2019). The Analysis of Current state of Agile software development, Journal of Theoretical and Applied Information Technology, 97(22), 3197-3208.

বাঙালির আড্ডা বনাম মগজে কারফিউ
(Brain rot − Oxford word of the year, 2024)

ডঃ বৈশালী বসু (রায় চৌধুরী)*

৭২ নম্বর বনমালী নস্কর লেন, ২০ নম্বর বাড়ির চাটুজ্জেদের রোয়াক দু জায়গাতেই বসতো জমজমাট আড্ডা, যার মধ্যমণি ঘনাদা, টেনিদা – কাল্পনিক চরিত্র হলেও যারা আমাদের মনের বড্ডো কাছাকাছি। আর সত্যিকারের আড্ডার কথা বলতে গেলে প্রথমেই মনে করে নেওয়া যাক কিছু বিখ্যাত আড্ডার কথা। -

- ননসেন্স ক্লাব এবং মণ্ডা ক্লাব – বাংলা সাহিত্যে ননসেন্স পদ্য সার্থকনামা হয়েছিল যে মানুষটির হাত ধরে, বলা বাহুল্য সেই সুকুমার রায়ই ছিলেন ননসেন্স ক্লাবের স্রষ্টা। ২২ নম্বর সুকিয়া স্ট্রিটের বাড়িতে আত্মীয় – বন্ধুদের নিয়ে জমজমাট ছিল এই আড্ডা। এরপর সুকুমার বিলেত চলে যান। ফিরে এসে শুরু করেন মণ্ডা ক্লাব, আসলে যা MONDAY CLUB – আড্ডা বসতো প্রতি সোমবার, থাকতো প্রচুর খাবারদাবারের আয়োজন, তাই সুকুমারের স্বভাবসিদ্ধ হাস্যরসে সিক্ত হয়ে MONDAY পরিচিত হয় মণ্ডা নামে। আড্ডায় আসতেন রায় পরিবারের মানুষরা, সেই সঙ্গে সত্যেন্দ্রনাথ দত্ত, অতুলপ্রসাদ সেন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, কালিদাস নাগ, প্রশান্তচন্দ্র মহলানবিশরা।
- বঙ্গীয় কলা সংসদের আড্ডা – অবনীন্দ্রনাথের বৈঠকখানায় বসা এই আড্ডায় আসতেন উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, গগনেন্দ্রনাথ ঠাকুর প্রমুখ।
- কবিতা ভবনের আড্ডা – ২০২ রাসবিহারী অ্যাভিনিউ ঠিকানার 'কবিতা ভবন' থেকে ১৯৩৫ সালে প্রকাশিত হয় বাঙলা কবিতার অন্যতম সেরা পত্রিকা ত্রৈমাসিক 'কবিতা' পত্রিকা। এই পত্রিকাকে কেন্দ্র করে কবিতা ভবনে নিয়মিত আড্ডা হত। উপস্থিত থাকতেন বাংলা সাহিত্যের সেই সময়কার দিকপাল সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্র, সমর সেন, বিষ্ণু দে প্রমুখ।
- দক্ষিণ কলকাতার প্যারাডাইস ক্যাফের আড্ডা – মৃণাল সেন, ঋত্বিক ঘটক, সলিল চৌধুরী, হৃষীকেশ মুখোপাধ্যায়, তাপস সেন, বিজন ভট্টাচার্য, বংশী চন্দ্রগুপ্তদের এই আড্ডায় থাকতো নাটক – চলচ্চিত্রের প্রাজ্ঞ এবং সরস কথোপকথন।
- চৌরঙ্গীর কফিহাউসের আড্ডা – সত্যজিত রায়, কমলকুমার মজুমদার, রাধাপ্রসাদ গুপ্ত, বংশী চন্দ্রগুপ্ত, চিদানন্দ দাশগুপ্তদের বৌদ্ধিক আড্ডা চৌরঙ্গীর কফিহাউসকে দিয়েছিল 'হাউস অফ লর্ডস'-এর তকমা।
- টালিগঞ্জ ট্রাম গুমটির পাশের ফুটপাথের ছোট্ট চায়ের দোকানের আড্ডা জমে উঠত পরের প্রজন্মের চলচ্চিত্রকারদের নিয়ে, যার অংশীদার ছিলেন গৌতম ঘোষ, রাজা মিত্র, উৎপলেন্দু চক্রবর্তী, বুদ্ধদেব দাশগুপ্তরা।
- বিশপ লেফ্রয় রোডে সত্যজিতের বাড়ির

* সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, গভর্ণমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী, চকবাজার, পিন -712103

আড্ডা – এই আড্ডায় প্রায় নিয়মিত উপস্থিতি ছিল সৌমিত্র চট্টোপাধ্যায়, বরুণ চন্দ, ধৃতিমান চট্টোপাধ্যায়, দীপঙ্কর দে প্রমুখের।

- বুধ সন্ধ্যা – সাগরময় ঘোষ, সমরেশ বসু, সুনীল গঙ্গোপাধ্যায়দের যৌথ উদ্যোগে সুবোধ সরকার, মল্লিকা সেনগুপ্ত, জয় গোস্বামী, আবুল বাশার, তারাপদ রায়, অতীন বন্দ্যোপাধ্যায়, মন্দাক্রান্তা সেন এবং সাহিত্য – সংস্কৃতি জগতের আরও নানা গুণীজনদের যোগদান বাংলাকে দিয়েছিল মেধা- মননে সমৃদ্ধ এক আড্ডা তথা আলোচনার পরিসর।
- এবং, কলেজ স্ট্রিট কফি হাউসের আড্ডা - চৌরঙ্গীর কফিহাউস যেমন লোকমুখে 'হাউস অফ লর্ডস' নামে পরিচিত ছিল, ঠিক তেমনই কলেজ স্ট্রিট কফিহাউস চিরকাল 'হাউস অফ কমন্স'। পার্থপ্রতিম কাঞ্জিলাল, অরণি বসু, অমিতাভ গুপ্ত, তুষার চৌধুরী, সন্দীপন চট্টোপাধ্যায়, শক্তি চট্টোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায়, কবিতা সিংহর মতোই এখানে আড্ডায় যোগ দিতেন ওপার বাংলার আল মাহমুদ, বেলাল চৌধুরী, আবদুল গফফর চৌধুরীরা। কফির পেয়ালায় তুফান তুলে বুদ্ধির গোড়ায় ধোঁয়া দিয়ে আড্ডা, আলোচনা, যুক্তি-তক্ক-গপ্পো, বাকবিতণ্ডা আর বন্ধুতার ঘ্রাণ মিশে আছে এই কফিহাউসের বিখ্যাত এবং অখ্যাতদের স্মৃতি-সত্তা-ভবিষ্যতে।

পাড়ার রক, বাড়ির দালান এখন অবলুপ্তপ্রায়। যৌবনের কলকাতায় কফিহাউসে আড্ডা দেওয়া মানুষরা এখন হয়তো মিলিত হন ক্যাফে অথবা শপিং মলের ফুডকোর্টের পরিশীলিত ঘেরাটোপে। জীবন চলিয়া গেছে কুড়ি কুড়ি বছরের পার। ১৯৭৬ সালে গৌতম চট্টোপাধ্যায় লিখেছিলেন – "পৃথিবীটা নাকি ছোট হতে হতে/ স্যাটেলাইট আর কেবলের হাতে/ ড্রয়িংরুমে রাখা বোকা বাক্সতে বন্দী" – এখন মানুষের মন, চোখ, সময়, বোধ বন্দী হয়ে গেছে হাতের মুঠোফোনে। আমরা এখন চিঠি লিখি না - 'টেক্সট' করি', আড্ডায় বসে অন্য মানুষের চোখে চোখ রাখিনা, মন পড়ি না – চোখ মন সবই নিবদ্ধ থাকে মুঠোফোনের পর্দায়। আর ঠিক সেইজন্যই – Oxford word of the year, 2024-এর নির্বাচিত শব্দ 'Brain Rot' – বাংলায় বললে মস্তিষ্কের অবক্ষয়।

Brain Rot – ইতিহাস এবং বর্তমান

শুনতে অবাক লাগবে যে Oxford word of the year, 2024 হলেও এই শব্দবন্ধটি ১৮৫৪ সালে Henry David Thoreau তাঁর লেখা বই Walden – এ ব্যবহার করেন মানসিক এবং বৌদ্ধিক অবক্ষয় বোঝাতে। তাহলে ১৭০ বছর পরে কী এমন ঘটলো যে এই শব্দবন্ধটি হয়ে উঠলো word of the year! উঠলো এই কারণেই যে বিগত কয়েক বছরে আমাদের মন-বুদ্ধি-মেধাকে গ্রাস করে নিয়েছে তাৎক্ষনিক অনলাইন কন্টেন্ট।

মস্তিষ্কে অবক্ষয়, পচন অথবা মগজে কারফিউ – যে নামেই ডাকি না কেন, মূল বিষয়টি হচ্ছে মানবমন ও শরীরের ওপর প্রযুক্তির নেতিবাচক প্রভাব।

Brain Rot–এর সম্ভাব্য কারণ :

- সংক্রমণ : শারীরিক ভাবে মেনিনজাইটিস, এনসেফালাইটিস, মস্তিষ্কে কোন ধরণের গ্রোথ মস্তিষ্কের ক্ষয় ঘটায় ।
- স্নায়ুঘটিত অসুখ : অনেক ধরণের স্নায়ুঘটিত অসুখ মস্তিষ্কের কোষগুলিকে ক্ষতিগ্রস্ত করে, যার ফলে ঘটে বৌদ্ধিক অবক্ষয়।
- নেশার জিনিস ব্যবহার করা : দীর্ঘদিন ধরে নেশার জিনিস ব্যবহার করলে স্মৃতিশক্তি, মনোযোগের ক্ষমতা, পেশীচালনের ক্ষমতা কমতে থাকে।

- মাথায় আঘাত : মাথায় গুরুতর আঘাত মস্তিষ্কের ক্ষয় এবং বৌদ্ধিক অক্ষমতা নিয়ে আসে।
- দুর্বল রক্ত সঞ্চালন : মস্তিষ্কে দুর্বলভাবে রক্ত সঞ্চালিত হলে মস্তিষ্কের কোষগুলির মৃত্যু ঘটতে পারে, যার ফলে বৌদ্ধিক অক্ষমতা থেকে ব্রেন ডেথও ঘটতে পারে।

মনে হতেই পারে এগুলি তো সম্পূর্ণভাবেই শারীরিক কারণ – এর সঙ্গে প্রযুক্তির অতিরিক্ত ব্যবহারের সম্পর্ক কী? সম্পর্ক সেখানেই, যেখান থেকে প্রারম্ভিক উল্লেখের ১৭০ বছর পরে এটি word of the year হয়ে উঠেছে। ওপরের কারণগুলির সঙ্গে সাম্প্রতিক সময়ে মস্তিষ্কের অবক্ষয়ের নিম্নলিখিত কারণও যুক্ত হয়েছে –

- মানসিক স্থবিরতা : নিম্নমানের ডিজিটাল কন্টেন্ট যা দেখার জন্য কোনরকম গভীর বোধ নিষ্প্রয়োজন, সেগুলি ক্লান্তিহীনভাবে বারবার দেখার কারণে আসে মানসিক স্থবিরতা – যা মস্তিষ্কের ক্ষয় ঘটায়।
- বৌদ্ধিক ক্ষমতার ব্যবহার হ্রাস : ডিজিটাল মাধ্যম ব্যবহারে তাৎক্ষণিকভাবে পাওয়া তথ্য অথবা বিনোদন কমিয়ে আনে পড়া – লেখা- জানা- সমস্যার সমাধান অন্বেষণ- সৃজনশীলতার বৌদ্ধিক প্রয়াস।
- নির্দিষ্ট বিষয়ে মনোযোগের কেন্দ্রবিন্দুতে মনঃসংযোগ করতে না পারা।
- অতিরিক্ত উদ্দীপক ব্যবহারঃ - বর্ণময় কন্টেন্ট, উত্তেজক বিষয়বস্তু, বারবার নোটিফিকেশন আসা এবং তৎক্ষণাৎ সেটি দেখে নেওয়ার প্রবণতা ক্লান্ত করে তোলে শরীর এবং মগজ উভয়কেই।
- বাস্তব থেকে পলায়নী প্রবৃত্তি এবং প্রত্যাহারের মানসিকতা : বাস্তব জীবনে কাজ এবং সম্পর্কের মধ্যে অর্থপূর্ণ সাযুজ্য রাখার প্রাত্যহিক প্রয়াস থেকে সহজ মুক্তির পথ দেখায় ডিজিটাল যাপন, যা সাময়িকভাবে স্ট্রেস রিলিজের পদ্ধতি মনে হলেও প্রকৃত অর্থে সেটি মানসিক নিশ্চলতা।
- Blue light exposure : স্ক্রীন থেকে বেরনো Blue light ব্যাঘাত ঘটায় ঘুমেও।
- মনোযোগের ক্ষমতা হ্রাস : রিলস, শর্টস – বর্তমান প্রজন্মের প্রতিদিনের যাপনে মিশে গেছে। এগুলির দর্শক শুধু নব্য প্রজন্ম ভাবলে ভুল হবে, কোভিড পরবর্তী কালে মুঠোফোনের অনলাইন দুনিয়ার বাসিন্দা সব প্রজন্মের মানুষই। মনোযোগের পরিসর ছোট হয়ে আসে, ঘটে চিত্তবিক্ষেপ- যার অবশ্যম্ভাবী ফল সেই brain rot।

Brain rot প্রতিহত করার উপায় :

আমরা জানি আমাদের শরীর-মন-প্রক্ষোভ সবকিছুর পরিচালক আমাদের মস্তিষ্ক, সুতরাং সেটাতে মরচে ধরতে দিলে তো চলবে না। তাই সমাধানের উপায় খুঁজতে হবে, আর খোঁজার জন্য ভাবা প্র্যাকটিস করতে হবে।

প্রথমে খোঁজা যাক বাহ্যিক এবং গতানুগতিক **সমাধানের পথ-**

- ব্যায়াম, পরিমিত এবং সুষম খাদ্যাভ্যাস, পর্যাপ্ত ঘুম – এই সবই শরীর, মন, মস্তিষ্ক সুস্থ রাখার জন্য প্রয়োজন।
- যে কোন ধরণের মাদকদ্রব্য ব্যবহার করা কমাতে হবে, সবথেকে ভালো যদি এই অভ্যাস পরিত্যাগ করা যায়।
- মাথায় যাতে আঘাত না লাগে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- মস্তিষ্কের ক্ষতি করতে পারে এরকম পুরনো

এবং দীর্ঘস্থায়ী অসুখের যথাযথ চিকিৎসা করাতে হবে।

- মস্তিষ্ককে সচল রাখতে হবে, প্রয়োজনে বিভিন্ন মাইন্ড গেম খেলা যেতে পারে।
- স্নায়ুর রোগ প্রতিরোধ করার জন্য নিয়মিত হেলথ চেক-আপ করাতে হবে।

আর যদি মাত্রাতিরিক্ত অনলাইন সময় কাটানোর ফলে মগজে কারফিউ দেখা যায়, তা প্রতিরোধের উপায়ও তো খুঁজতে হবে। সেই উপায়গুলি হতে পারে নিম্নরূপ –

- বর্তমান সময়ে "জানলার বাইরে আকাশটাকে দেখো, টি ভি (পড়ুন ফোন, ল্যাপটপ) দেখো না" বললে শুধু পিছিয়েই পড়তে হবে। দরকার বাস্তব সময় আর ভার্চুয়াল সময়ের মধ্যে ভারসাম্য রাখা, ভার্চুয়াল জগতে থাকার সময় নির্দিষ্ট করে নেওয়া।
- সমাজ – মাধ্যম ব্যবহারকারীরা বারবার নোটিফিকেশন পেতে অভ্যস্ত হয়ে পড়েন এবং তৎক্ষণাৎ সেটি/সেগুলি দেখে নিতে উন্মুখ হয়ে থাকেন। এর থেকে মুক্তির উপায় খুব প্রয়োজনীয় ক্ষেত্রগুলি ছাড়া নোটিফিকেশন অফ করে রাখা।
- যে অনলাইন কন্টেন্ট আমাদের বিব্রত করে, বিরক্ত করে, রাগিয়ে দেয়, মানসিকভাবে পীড়িত করে সেগুলি এড়িয়ে চলুন।
- ঘুমের আগে ভার্চুয়াল জগতে নয়, নিজেকে সুস্থ বাস্তবে নিয়ে আসুন। ছোটবেলার মতো বই হাতে নিয়ে ঘুমোতে যান। বিশ্বাস করুন, এখন বই পড়তে পড়তে ঘুমিয়ে পড়লে কেউ বকবে না, বরং নিজেকে উপহার দিতে পারবেন একটি শান্তির ঘুম।
- পরিবারের সঙ্গে, বন্ধুদের সঙ্গে, স্বজনদের সঙ্গে সুন্দর করে সময় কাটান, নিজের কথা বলুন, অন্যের কথা শুনুন।
- মাঝেমাঝে ফ্রি টেকস্টের প্রলোভন থেকে বেরিয়ে এসে ফোন করুন, অপরপ্রান্তের মানুষটিকে স্বর দিয়ে ছোঁয়ার চেষ্টা করুন।
- এবং পুরনো সময়ের মতো আড্ডা মারুন, সমবয়সী আর অ – সমবয়সীদের সঙ্গেও। সারাটা রাস্তায় হাত ধরা থাক কিছু বন্ধুর, যাদের অস্তিত্বকে ভার্চুয়াল জগতে খুঁজতে যাবেন না – কারণ তারা আপনার আশেপাশেই আছে, খুঁজে নিন তাদের।

অক্সফোর্ড অভিধানে যদি brain rot থাকে, আমাদের বাঙালিদের অভিধানেও তো আড্ডা নামক শব্দটি আছে, আছে বন্ধু, স্বজন-এর মতো শব্দ। আমাদের মননে মিশে আছে শব্দত্রয়ী – 'ঈশ্বর – পৃথিবী – ভালোবাসা' – অ-বাস্তব, কৃত্রিম দুনিয়ার সাধ্য কী আমাদের মগজকে পচনশীল করে তোলে। আমাদের তো আপ্তবাক্য দিয়ে গেছেন এই সময়ের মনের কবি –

পৃথিবী হয়তো বেঁচে আছে
পৃথিবী হয়তো গেছে মরে
আমাদের কথা কে-বা জানে
আমরা ফিরেছি দোরে দোরে।
কিছুই কোথাও যদি নেই
তবু তো কজন আছি বাকি
আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি।

আয়, আরও বেঁধে বেঁধে থাকি -শঙ্খ ঘোষ

তথ্যসূত্র (ডিসেম্বর ২০২৪ থেকে ফেব্রুয়ারী ২০২৫ সময়কালে দৃষ্ট)

https://corp.oup.com/news/brain-rot-named-oxford-word-of-the-year-2024/
https://www.theguardian.com/lifeandstyle/2025/jan/29/all-in-the-mind-the-surprising-truth-about-brain-rot
https://www.newportinstitute.com/resources/co-occurring-disorders/brain-rot/
https://www.edsurge.com/news/2025-01-16-why-brain-rot-can-hurt-learning-and-how-one-district-is-kicking-it-out-of-school
https://www.health.com/habits-to-prevent-brain-rot-8766150

The Significance of Vedic Legend

Dr. Sanjiban Sengupta*

Abstract :

Legends and legendary tales play a formidable role in the Vedic literature. The Vedic legends are the Vehicles of mystic significances of human life. They seem to be the living symbols to the posterity. They may as well be called the first systematic accounts of creative self-expression. They appear as a root of the later strong intellectual development in a psychic and spiritual mentality. During the description of the details of the sacrificial oblations these legends and legendary tales have been spouted as an effective medium with much literary flavour out and out. When the legends have been spouted through the hands of the Vedic and post Vedic literatures a gradual evolution has been taken place. However, they may not claim aesthetic quality with literary perfection of the present; but, they appear to be the pillars of the early life of the ancient Aryans.

Key words : Rishi, Manifestation, Theological, Sacrificial, Ethical, Cosmological, Metaphysical, Illuminative, Samhita, Namuchi, Hobih, Esoteric thunder, Asuric incarnation, civilization, Culture, Wisdom, Spirit, Namuchi, Sorcerer-demon, Vritra, Righteousness, Immortality.

Introduction:

The Veda speaks for the eternal truth at the dawn of human civilization. It aims at attaining the higher power, which the sages speak unhesitatingly[1]. It is a sacred sublime poetry, reflected through the words and images, which has been revealed by the sages. Besides this, we find the legends in the Vedic literature for the justification of the elaborate sacrificial complexities as the mirror of the life and manhood of the time. Six major kinds of legends have been seen in the Vedic and post Vedic literatures, viz, (1) Theological: stories about gods, their origin, nature, activities, (2) Sacrificial: ritual acts, (3) Social and Ethical: justification for social customs and practices (4) Cosmological: origin of the universe with ancillary creations (5) Natural: elements of nature (6) Metaphysical: ideal relationship between the man and the universe.

Legends and legendary tales play an important role in the Vedic literature for speaking the truths through their delineation. In course of telling the details of the sacrificial rites, the legends play as a very effective medium. They show a gentle

[1] Rik Samhita.I.164.46 (एकंसद्विप्राबहुधावदन्ति)

* Associate Professor in Sanskrit, Govt. Training College, Hooghly

relief amongst the dry and insipid flavour of the hectic and monotonous performances during the sacrificial oblation. It is a fact that these legends have highlighted a new dimension in the history of the legendary tales and its development. They also play a formidable role in the development of the legendary tales even in the ages of the Purans and Epics.

The legend of Namuchi :

The Vedic legends are the Vehicles of mystic significances of human life. They seem to be the living symbols to the posterity. Such symbols again act as standard-bearers of greater realities of life. It is really interesting to note that the creative intuition and illuminative imagination of the Vedic seers have been aptly transmuted into intellectual endeavour of the successive Indian literatures. It Has Been cited here as an example of the development of the Vedic idea and image through the legend of Namuchi. Here, we find a struggle between the divine light and the dark-force in the inner and outer life of a human warrior - the leading motive of Indian life. The legend of Namuchi clearly suggests a journey from mortality to immortality. Here Indra is none but the inward divine power with the corresponding state and energy, born in the psychic being. Indra appears as the godhead of the divine mind.

We find some glimpses of the legend of Namuchi in the ancient monuments of Indian literature; Namuchi has a tyranic character whom Indra puts to death by the foam of the sea-water[2]. Here, Rig Veda[3] shows how remotest and widely separated Namuchi, the sorcerer-demon is ruined by the Thunder. In the Samhitas Namuchi stands as a demon, an instrument of oppression and is beheaded and put to death by Indra. Indra here signifies the divine power; so to say, the latent light of our being which alone can remove the obscure demoniacal force of our being.

This legend has as well been depicted in Vajasaneyi Samhita. Here the twin Aswins and Saraswati with their supreme intelligence dispossess Namuchi of Hobih, power and wealth and the situation helps Indra and offers him the opportunity as well as the strength to kill Namuchi easily. Here, the commentator, Mahidhar refers Namuchi in the form of a dark cloud[4].

In Satapatha Brahmana we come across the same narrative as follows:

Once Namuchi snatched away all the sense-organs, the essence of the soma-juice of Indra. Soon after Indra went to Aswins and Saraswati and declared solemnly that he would not kill Namuchi either at daytime or at night by his teeth, bow and arrow, slap, fist, any dry or

[2]अपांफेनेननमुचेः शिरइन्द्रोदवर्तयः।विश्वायदजयः स्पृधः॥ (Rig Veda VIII.14.13)
अपांफेनेननमुचेःशिरइन्द्रोदवर्तयः।विश्वायदजयःस्पृधः॥ (Atharva Veda. XX.29.13),
विषूमृधोजनुषादानमिन्वन्नहन्गवामघवन्त्संचकानः।अत्रादासस्यनमुचेःशिरोयदवर्तयोमनवेगातुमिच्छन्॥(Rig Veda.V.30.7-8);
प्रश्येनोनमदिरमंशुमस्मैशिरोदासस्यनमुचेर्मथायन्।प्रावन्नमींसाप्यंससन्तंपृणग्रायासमिषासंस्वस्ति॥ (Rig Veda. VI.20.6)
[3]युधायुधमुपघेदेषिधृष्णुयापुरापुरंसमिदंहंस्योजसा।नम्यायदिन्द्रसख्यापरावतिनिबर्हयोनमुचिंनाममायिनम्॥ (Rig Veda I.53.7)
[4]Vajasaneyi Samhita XX.59.76

 ❖ ISBN NO : 978-81-969989-7-4

